সেবা কল্যাণ সংহতি

# গঠনতন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর, ঢাকা কর্তৃক
১৯৬১ সালের স্বেচ্ছামূলক সমাজকল্যাণ প্রতিষ্ঠান
(রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ)
অধ্যাদেশ (নম্বর ৪৬) এর ৪ (ধারার অধীনে রিটায়ার্ড আর্মড ফোর্সেস অফিসার্স ওয়েলফেয়ার
অ্যাসোসিয়েশন (রাওয়া), ভিআইপি রোড, মহাখালী, ঢাকা
০২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নিবন্ধনকৃত।
নিবন্ধন নম্বর ঢ-০৯৮৬৫/২০২১।

Chairman
RAOWA

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

# সূচিপত্র


| ধারা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| - | পটভূমি | ১ |
| ১ | নাম এবং নীতিবাক্য (Motto) | ২ |
| ২ | রাওয়ার ঠিকানা | ২ |
| ৩ | রাওয়ার কার্যএলাকা ও নিবন্ধীকরণ | ২ |
| ৪ | রাওয়ার লক্ষ্য ও উদ্দেশ্য | ২-৪ |
| ৫ | রাওয়ার কর্মপরিধি | ৪-৫ |
| ৬ | সদস্যপদ | ৫-৮ |
| ৭ | শৃঙ্খলাজনিত ব্যবস্থা | ৮-১০ |
| ৮ | নির্বাহী পরিষদ | ১০-২০ |
| ৯ | নির্বাহী পরিষদের নির্বাচন | ২০-২৩ |
| ১০ | পৃষ্ঠপোষক | ২৩ |
| ১১ | সাধারণ সভার নিয়মাবলি | ২৩-২৫ |
| ১২ | সাধারণ পরিষদের ক্ষমতা | ২৫ |
| ১৩ | আর্থিক প্রশাসন ও তহবিল ব্যবস্থাপনা | ২৬-২৮ |
| ১৪ | বৈদেশিক সাহায্য/অনুদান বিষয়ক | ২৮ |
| ১৫ | গঠনতন্ত্রের সংশোধন | ২৮ |
| ১৬ | আইন ও বিধির প্রাধান্য | ২৯ |
| ১৭ | রাওয়ার কার্যক্রম বিলুপ্ত/রহিত হইলে পরিসম্পৎ হস্তান্তর প্রসঙ্গে | ২৯ |
| - | পরিশিষ্ট-১ গঠনতন্ত্রে ব্যবহৃত শব্দের ব্যাখ্যা | ৩০-৩১ |
| - | পরিশিষ্ট-২ পটভূমি তথা প্রথম সভার ঘোষণা এবং প্রতিষ্ঠাকালীন সদস্যগণ (ফাউন্ডার মেম্বার) | ৩২-৩৫ |


Chairman
RAOWA

পরিবীক্ষিত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

# <u>পটভূমি</u>

১৯৮২ সালে অবসরপ্রাপ্ত সেনা অফিসারদের কল্যাণ, পুনর্বাসন এবং চিত্তবিনোদনের মহৎ উদ্দেশ্য নিয়া রিটায়ার্ড আর্মি অফিসার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (Retired Army Officers' Welfare Association) সংক্ষেপে রাওয়া (RAOWA) এর যাত্রা শুরু হয়ে ১৯৮৩ সালে নিবন্ধিত হইয়াছে। পরবর্তীতে ১৯৮৪ সালে তিন বাহিনীর অবসরপ্রাপ্ত অফিসারদের সম্পৃক্ত করে একই উদ্দেশ্যে বৃহত্তর পরিমণ্ডলে রিটায়ার্ড আর্মড ফোর্সেস অফিসার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (Retired Armed Forces Officers' Welfare Association) সংক্ষেপে রাওয়া (RAOWA) নামে নিবন্ধিত হইয়াছে। সশস্ত্রবাহিনীর চেতনা, মূল্যবোধ, সুদীর্ঘ ঐতিহ্য এবং সংস্কৃতি চর্চার মাধ্যমে চাকুরি পরবর্তী জীবনের সামরিক প্রক্রিয়াকে জাগরূক রাখাই এর মূল এবং প্রধান উদ্দেশ্য। সশস্ত্রবাহিনীর চাকুরি একটি সম্পূর্ণ জীবন প্রণালি। সহাবস্থান, কর্তব্য, সামাজিক দায়বদ্ধতা সর্বোপরি সশস্ত্রবাহিনীর প্রতি পবিত্র দায়িত্ব, একজন সশস্ত্রবাহিনীর অফিসারের সহজাত প্রবৃত্তি যা চর্চার মধ্যে রাখিয়া জাতির ক্রান্তিলগ্নে অবদান রাখার জন্যই মূলত RAOWA গঠনের পরিকল্পনা করা হইয়াছে। অবসরপ্রাপ্ত সশস্ত্রবাহিনীর অফিসারদের উৎসাহ এবং উদ্দীপনা প্রদানের মাধ্যমে ব্যক্তিগত তথা সমষ্টিগতভাবে স্বাভাবিক এবং ক্রান্তিকালীন পরিস্থিতি সুষ্ঠু এবং সুন্দরভাবে মোকাবেলা করা এর লক্ষ্য। RAOWA, সমাজসেবা অধিদপ্তরের অধীনে নিবন্ধনকৃত একটি সংস্থা । যেহেতু RAOWA সশস্ত্রবাহিনীর অবসরপ্রাপ্ত অফিসারদের কল্যাণের জন্য প্রতিষ্ঠিত সেহেতু বাহিনী সদরসমূহের সংযোজন এবং বিভিন্ন বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য ও তদীয় পত্নীগণের সক্রিয় অংশগ্রহণও কাম্য।

Chairman RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# <u>গঠনতন্ত্র</u>

**<u>ধারা-১: নাম এবং নীতিবাক্য (Motto)</u>** : এই সংস্থা **"রিটায়ার্ড আর্মড ফোর্সেস অফিসার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন**, বাংলাদেশ" সংক্ষেপে **"রাওয়া" বা Retired Armed Forces Officers' Welfare Association, Bangladesh, in short RAOWA** নামে পরিচিত হইবে এবং ইহার নীতিবাক্য (Motto) হইবে সেবা, কল্যাণ, সংহতি।

**<u>ধারা-২: রাওয়ার ঠিকানা</u>** : রাওয়া, ঢাকা সেনানিবাসের মহাখালী ডিওএইচএস সংলগ্ন প্লট সিএস নং- ৪৩ (অংশ), ৪৬ (অংশ), ৪৭ (অংশ), ৫৫ (অংশ) এর উপর অবস্থিত রাওয়ার প্রধান অফিস এর ঠিকানা :

রাওয়া
ভি আই পি রোড,
মহাখালী, ঢাকা-১২০৬, বাংলাদেশ।

**<u>ধারা-৩ : রাওয়ার কার্যএলাকা ও নিবন্ধীকরণ:</u>** রাওয়ার কার্যএলাকা ঢাকা জেলা হইতে সমাজসেবা অধিদফতরের অনুমতি সাপেক্ষে সমগ্র বাংলাদেশে করা যাইবে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তর এর অধীনে একটি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থা হিসেবে নিবন্ধিত হইবে।

**<u>ধারা-৪ : রাওয়ার লক্ষ্য ও উদ্দেশ্য:</u>** রাওয়া সশস্ত্রবাহিনীর অবসরপ্রাপ্ত অফিসারদের কল্যাণার্থে প্রতিষ্ঠিত সম্পূর্ণরূপে একটি অরাজনৈতিক সেবামূলক প্রতিষ্ঠান, যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তর এর অধীনে একটি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্হা হিসেবে নিবন্ধিত। ইহার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

ক। সশস্ত্রবাহিনীর অবসরপ্রাপ্ত অফিসার এবং তাহাদের পরিবারবর্গের মধ্যে বন্ধুত্বপূর্ণ পরিবেশ, ভ্রাতৃত্ববোধ ও সহযোগিতার বন্ধন তৈরি করা ।

খ। সশস্ত্রবাহিনীর অবসরপ্রাপ্ত অফিসারদের ব্যক্তিগত ও সামাজিকজীবন সম্মানের সাথে সুন্দরভাবে কাটানোর পরিবেশ ও সুযোগ সৃষ্টি করা।

গ। রাওয়ার সদস্যদের মধ্যে পারস্পরিক সাহায্য ও সহযোগিতার মনোভাব তৈরি করা। এই লক্ষ্যে সদস্য ও অন্যান্য অবসরপ্রাপ্ত অফিসারদের সুবিধার্থে বিভিন্ন ক্লাব, গেস্ট হাউজ, রেস্ট হাউজ, হোস্টেল, মেডিকেয়ার, শিক্ষাপ্রতিষ্ঠান, আর্থ-সামাজিক, সেবামূলক জাতীয় স্বনির্ভর প্রতিষ্ঠান এবং অনুরূপ অন্যান্য প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করাসহ ইহার রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা করা।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
২ 
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

ঘ।    ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধসহ মর্মান্তিক পিলখানা হত্যাকাণ্ড এবং দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষার্থে যেই সকল সামরিক সদস্য শহিদ হইয়াছেন, তাঁহাদের স্মৃতিকে সমুজ্জ্বল এবং তাঁহাদের পরিবারের সদস্যদের উজ্জীবিত রাখা।

ঙ।    প্রয়াত/অবসরপ্রাপ্ত অফিসারের সন্তান/পোষ্যদের পুনর্বাসনের জন্য সাহায্য সহযোগিতা প্রদান।

চ।    রাওয়া সদস্যদের দুঃখ-দুর্দশা এবং কষ্ট লাঘব করার প্রচেষ্টা গ্রহণ এবং অন্যান্য সশস্ত্রবাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের সার্বিক অবস্থার উন্নতির প্রচেষ্টা চালানো।

ছ।    রাওয়ার সদস্যবৃন্দ ও তাহাদের পরিবারবর্গের জ্ঞানচর্চার ক্ষেত্র তৈরির নিমিত্ত একটি গবেষণা কেন্দ্র স্থাপন করা যাহার মূল কার্যক্রম হইবে জাতীয়, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে গবেষণা করা এবং তা সময়ে সময়ে প্রকাশ করা।

জ।    সকল সদস্যবৃন্দের মাঝে অনুভূতির সৃষ্টি করা যাহাতে তাহারা সকলে যুদ্ধাহত/অসমর্থ, প্রাক্তন/অবসরপ্রাপ্ত অফিসার্সগণ ও অন্যান্য সামরিক সদস্য এবং তাহাদের পরিবারবর্গের কল্যাণ সাধন একটি নৈতিক দায়িত্ব হিসেবে গ্রহণ করেন।

ঝ।    এই মর্মে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বীকৃতি আদায় করা যে, সশস্ত্রবাহিনীর সদস্য বিশেষত: সশস্ত্রবাহিনীর অবসরপ্রাপ্ত অফিসার চাকুরি হইতে অবসর গ্রহণের পর যথাশীঘ্র সমাজে (সরকারি/বেসরকারি) মর্যাদার সাথে প্রতিষ্ঠা লাভ করিতে পারে। এতদুদ্দেশ্যে একটি পুনর্বাসন কেন্দ্র এবং একটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালনা করা।

ঞ।    সদস্যদের মধ্যে আর্থিকসহ সকল বিষয়ে পারস্পরিক সাহায্য সহযোগিতামূলক মনোভাব গড়িয়া তোলা। "সেল্ফ হেল্প" এর মাধ্যমে বিনিয়োগ বর্ধিত করিয়া সদস্যদের মধ্যে সমবায় সমিতির ন্যায় স্বনির্ভর প্রতিষ্ঠান গড়িয়া তুলিতে উদ্বুদ্ধ করা এবং এ কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে উদ্যোক্তা ফোরাম স্থাপন করা।

ট।    রাওয়া সদস্যদের জন্য একটি ফোরাম সৃষ্টি করা যাহাতে ইহার সদস্যগণ ও পরিবারবর্গ বিভিন্ন সামাজিক ও চিত্তবিনোদনমূলক অনুষ্ঠানসমূহ ঘরোয়া পরিবেশে উপভোগ করিতে পারে। প্রয়োজনে রাওয়া পরিবারের মহিলা ও শিশুদের জন্য নির্দিষ্ট ফোরামের মাধ্যমে কার্যক্রম গ্রহণ করা।

ঠ।    উপযুক্ত তরুণ-তরুণীদের সশস্ত্রবাহিনীকে উজ্জ্বল ভবিষ্যৎ এর ভিত হিসেবে গ্রহণের জন্য উপদেশ প্রদান ও উদ্বুদ্ধ করা এবং এই উদ্দেশ্য মনে রাখিয়া জাতীয় জরুরি অবস্থায় সরকারি সংস্থাকে জনবল ভর্তি ও অন্যান্য বিষয়ে সাহায্য/সহযোগিতা প্রদান করা।

ড।    সদস্যদের সুবিধার্থে বিভিন্ন সুবিধাদি যেমন: জিমনেসিয়াম, হেলথ কেয়ার, হোমস, ডাইনিং হল, কমিউনিটি সেন্টার, পাঠাগার এবং বিভিন্ন ধরনের খেলাধুলার ব্যবস্থা করা এবং প্রয়োজনীয় ভৌত অবকাঠামো সৃষ্টি ও রক্ষণাবেক্ষণ করা।

Chairman
RAOWA

পরিবীক্ষিত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

ঢ। উপরে বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য নির্বাহী কমিটি প্রয়োজন মনে করিলে সম্ভাব্য সব ধরনের কার্যক্রম গ্রহণে ক্ষমতাবান। উল্লিখিত উপ-ধারাসমূহে যে সকল লক্ষ্য ও উদ্দেশ্য সুনির্দিষ্ট আছে তাহা কোনোক্রমেই অন্য কোন পরিচ্ছেদের সূত্রে বা রাওয়ার নামে সীমিত বা বাতিল করা যাইবে না।

**<u>ধারা-৫: রাওয়ার কর্মপরিধি:</u>** উপর্যুক্ত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য রাওয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত কাজ করিতে পারিবে:

ক। রাওয়ার সার্বিক কর্মকাণ্ড প্রধানত ইহার সদস্য এবং পরিবারবর্গের কল্যাণার্থে পরিচালিত হইবে।

খ। রাওয়ার সকল বা যে-কোনো উদ্দেশ্য সাধনের নিমিত্ত তহবিল বা অন্য কোনো সম্পদ সংগ্রহ, গ্রহণ ও সংরক্ষণ করা। তহবিল ও সম্পদ সংগ্রহ বলিতে সরকারি মঞ্জুরিসহ অন্যান্য সমিতির সদস্য ও সমর্থকদের চাঁদা, অনুদান, নির্দিষ্ট অর্থ, ঋণ, ট্রাস্ট ইত্যাদির হিসাব তহবিলকে বুঝাইবে।

গ। রাওয়ার জন্য এবং রাওয়ার সব সদস্যের সাধারণ ব্যবহারের জন্য কোনো জমি, ভবন, আঙিনা কিংবা যে-কোনো দ্রব্য ক্রয়, ইজারা গ্রহণ বা দখলে রাখা।

ঘ। বৈধ উপায়ে আয় এবং সুবিধা অর্জনের জন্য অবস্থা বিবেচনা করিয়া রাওয়ার কোনো সম্পত্তি ও তহবিল আংশিক বা পূর্ণভাবে বিনিয়োগ করা।

ঙ। অবস্থা অনুকূল হইলে রাওয়ার কর্মচারীদের কল্যাণের উদ্দেশ্যে প্রভিডেন্ট ফান্ড খোলা এবং তাহা পরিচালনা করা।

চ। রাওয়ার উদ্দেশ্য অধিকতরভাবে অর্জনের জন্য অনুরূপ লক্ষ্য ও উদ্দেশ্য সম্বলিত অন্য কোনো প্রতিষ্ঠান, সংগঠন, লিগ/ইউনিয়ন/ সমিতির সাথে একযোগে কাজ করা কিংবা অনুমোদন প্রদান ও সহযোগিতা করা।

ছ। আন্তর্জাতিক প্রাক্তন চাকুরিজীবী সংস্থাসমূহ যেমন: বিশ্ব প্রবীণ ফেডারেশন (World Veterans Federation) এবং কমনওয়েলথ দেশভুক্ত সার্ভিস লিগ/রিটার্ন সার্ভিস লিগ (Services League/Return Services League of Commonwealth) কিংবা অনুরূপ উদ্দেশ্য সংবলিত অন্য কোনো আন্তর্জাতিক সংস্থার অনুমোদন গ্রহণ করা।

জ। রাওয়ার বৈধ উপায়ে উপার্জিত আয় ও সম্পত্তি রাওয়ার গঠনতন্ত্রে বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন, সদস্য ও তাহাদের পরিবারের কল্যাণ এবং রাওয়ার ব্যবস্থাপনার জন্য সম্পূর্ণরূপে নিয়োজিত করা হইবে। উক্ত আয় ও সম্পত্তির কোনো অংশ রাওয়ার প্রাক্তন বা বর্তমান কোনো সদস্যকে লাভ, বোনাস, কমিশন, সুবিধা বা অন্য কোনোভাবে প্রদান বা হস্তান্তর করা যাইবে না। রাওয়ার কর্মচারীদের বেতন প্রদান কিংবা কোনো সার্ভিসের বিনিময়ে কোনো সদস্য বা ব্যক্তিকে মজুরি প্রদানে কোনো বাধা নাই এবং রাওয়ার আয় ও সম্পত্তি সাধারণ সদস্যদের অনুমোদন সাপেক্ষে সুনির্দিষ্ট ব্যবস্থাপনা পদ্ধতি ও নীতিমালা অনুযায়ী যে-কোনো শিল্প

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

কারখানা/বাণিজ্যিক প্রতিষ্ঠান/ব্যবসায় বিনিয়োগ করা যাইবে। রাওয়ার যে-কোনো সম্পত্তি কোনো অর্থলগ্নি প্রতিষ্ঠান বা যে-কোনো রাওয়ার নিকট বন্ধক রাখিতে সাধারণ পরিষদের পূর্বানুমোদন বাধ্যতামূলক।

ঝ। রাওয়ার কোনো কারণে অবলুপ্ত হইয়া গেলে, ইহার প্রতিটি সদস্য সদস্যপদ ত্যাগ করার পূর্বে রাওয়ার সকল দেনা ও দায় পরিশোধ করিতে তাহার পরিসম্পৎ অর্থ জোগান দিতে বাধ্য থাকিবেন, যাহা জনপ্রতি ৫০০.০০ (পাঁচশত) টাকার অধিক হইবে না।

ঞ। রাওয়া অবলুপ্ত করিয়া দেওয়া হইলে সেই সময় সকল দায় ও দেনা পরিশোধের পর যদি অতিরিক্ত সম্পদ থাকে তবে যে-কোনো সংস্থাকে দান করিয়া দেওয়া যাইবে, যাহা রাওয়ার সাধারণ পরিষদের এখতিয়ারভুক্ত/ যে ভাবে সরকারি আদেশ জারি করা হইবে।

ট। রাওয়া বা রাওয়ার ব্যবস্থাপনার ভার রাওয়ার আইনকানুন অনুযায়ী সাধারণ পরিষদ কর্তৃক দ্বিবার্ষিকভাবে নির্বাচিত নির্বাহী পরিষদের ওপর ন্যস্ত থাকিবে।

ঠ। রাওয়ার মোট বাজেটের ন্যূনতম শতকরা ৩০ ভাগ অর্থ সমাজকল্যাণমূলক কার্যক্রমে ব্যয় করা হইবে।

**ধারা-৬ : সদস্যপদ:**

**ক। সদস্যপদের শ্রেণি বিভাগ ও যোগ্যতা:**

**(১) প্রতিষ্ঠাকালীন সদস্য (ফাউন্ডার মেম্বার):** যাহারা রাওয়ার গঠনতন্ত্রে স্বাক্ষর করিয়াছেন এবং ইহার নিয়ম কানুন পালন করিতে সম্মত হইয়াছেন। প্রতিষ্ঠাকালীন সদস্য তালিকা 'পরিশিষ্ট-১' হিসেবে সংযুক্ত করা হইল। প্রতিষ্ঠাকালীন সদস্যদের কোনো প্রকার বার্ষিক চাঁদা প্রদান করিতে হইবে না।

**(২) আজীবন সদস্য (লাইফ মেম্বার):** সাবেক পাকিস্তান (বর্তমানে বাংলাদেশের নাগরিক) এবং বাংলাদেশের সশস্ত্রবাহিনীর সকল অবসরপ্রাপ্ত কমিশন্ড অফিসার, যাহারা রাওয়ার লক্ষ্য ও উদ্দেশ্যকে গ্রহণ ও সমর্থন করেন তাহারা সবাই আজীবন সদস্যপদ লাভের যোগ্য হইবেন যদি নিম্নলিখিত বিষয়ে সম্মত/যোগ্য হন:

(ক) রাওয়ার গঠনতন্ত্রের প্রতি অনুগত থাকিবেন এবং রাওয়ার সকল আইন কানুন মানিয়া চলিবেন।

(খ) ভর্তি চাঁদা বাবদ এককালীন টাকা **১০০০০.০০ (দশ হাজার মাত্র)** বা সময়ে সময়ে যে-রূপ সংশোধিত হয় তাহা প্রদান করেন। সত্তরোর্ধ্ব বয়সের সদস্যদের ভর্তি চাঁদা প্রদান করিতে হইবে না ।

Chairman RAOWA

পরীক্ষীত

অনুমোদিত
৫ ... ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

(গ) কোনো আইন আদালত কর্তৃক নৈতিক পদস্খলনের জন্য চূড়ান্ত সাজা প্রাপ্ত হন নাই।

(ঘ) কোর্টমার্শাল অথবা প্রশাসনিকভাবে বরখাস্ত (Dismissed) হননি। তবে চাকুরি অবসানের প্রকৃতি পরিবর্তিত হইয়া অবসরপ্রাপ্ত হইলে সদস্য হইতে পারিবেন।

**(৩)** **অনারারি সদস্য:** যে সকল ব্যক্তি রাওয়ার সদস্য হওয়ার জন্য উপরের কোনো ক্যাটাগরিতে পড়েন না তবে রাওয়ার লক্ষ্য ও উদ্দেশ্যের প্রতি সহানুভূতিশীল এবং তাঁহাদের বিশেষ যোগ্যতা ও মর্যাদার কারণে রাওয়ার উপকারে আসিবে বলিয়া বিবেচিত হয় তাঁহাদেরকে নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে অনারারি সদস্য হিসেবে গ্রহণ করা যাইতে পারে। অনারারি সদস্য সংখ্যা যে-কোনো সময় ১০০ জনের বেশি হইতে পারিবে না। এই সকল সদস্য সকল সুবিধা ভোগ করিতে পারিবেন তবে তাঁহাদের কোনো ভোটাধিকার থাকিবে না।

**(৪)** **বিশেষ সদস্য (স্পেশাল মেম্বার):** কোনো সদস্য পরলোকগমন করিলে তাঁহার (পরলোকগত সদস্যের) স্বামী/স্ত্রী সদস্য হওয়ার জন্য যদি আবেদন করেন এবং সেই আবেদন বিধি মোতাবেক নির্বাহী পরিষদ দ্বারা অনুমোদিত হয়, তবেই তিনি বিশেষ সদস্য হিসেবে গণ্য হইবেন। এজন্য তাঁহাকে কোনো চাঁদা দিতে হইবে না। সশস্ত্রবাহিনীতে চাকুরিকালে কোনো অফিসার পরলোকগমন করিলে তাঁহার (পরলোকগত কর্মকর্তার) স্বামী/স্ত্রী সদস্য হওয়ার জন্য যদি আবেদন করেন এবং সেই আবেদন বিধি মোতাবেক নির্বাহী পরিষদ দ্বারা অনুমোদিত হয়, তবেই তিনি বিশেষ সদস্য হিসেবে গণ্য হইবেন। এজন্য তাহাকে টাকা ১০,০০০.০০ (দশ হাজার) শুধুমাত্র ভর্তি ফি প্রদান করিতে হইবে যাহা নির্বাহী কমিটি ক্ষেত্র বিশেষে বিশেষ বিবেচনায় পূর্ণ বা আংশিক মওকুফ করিতে পারিবেন। স্পেশাল মেম্বারদের ২৫ বছর বয়স পর্যন্ত সন্তানগণ কোনো চাঁদা প্রদান ব্যতিরেকে অন্য সদস্যদের স্ত্রী ও সন্তানদের মত সকল সুবিধা ভোগ করিতে পারিবেন। তবে এরূপ বিশেষ সদস্য পুনরায় বিবাহ করিলে তাঁহার সদস্যপদ বাতিল বলিয়া বিবেচিত হইবে। তাঁহাদের কোনো ভোটাধিকার থাকিবে না। বিশেষ সদস্য মৃত্যুবরণ করিলে তাঁহাদের সন্তানগণ ২৫ বছর বয়স পর্যন্ত কোনো চাঁদা ব্যতিরেকে সকল সুবিধা ভোগ করিতে পারিবেন।

**(৫)** **মরণোত্তর সদস্যপদ:** সশস্ত্রবাহিনীর অফিসারদের মধ্যে যারা জীবিত নন এবং রাওয়ার সদস্য ছিলেন না, তাদের মধ্যে যারা বিশেষ অবদান রাখিয়াছেন বা কৃতিত্ব প্রদর্শন করিয়াছেন অথবা

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
৬ - ২০২৫ ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

বিরল ত্যাগ স্বীকার করিয়াছেন তাদেরকে নির্বাহী কমিটি ক্ষেত্র বিশেষে বিশেষ বিবেচনায় **"মরণোত্তর আজীবন সদস্য পদ"** প্রদান করিতে পারিবে। এই শ্রেণির সদস্যদের জন্য পৃথক রাওয়া নম্বর ও একটি তালিকা সংরক্ষিত হইবে যেখানে তাদের ছবিসহ সংক্ষিপ্ত জীবন বিবরণী লিপিবদ্ধ থাকিবে। এই শ্রেণিতে অন্তর্ভুক্ত হইতে পারে তাহার একটি সম্ভাব্য তালিকা (যা চূড়ান্ত হিসেবে গণ্য হইবে না) নিম্নে দেওয়া হইল:

(ক) মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল অফিসারবৃন্দ।

(খ) মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে অথবা তার প্রাক্কালে ও পরবর্তীতে যে সকল অফিসারবৃন্দ পাক বাহিনী বা তাদের দোসরদের হাতে নিহত হয়েছেন।

(গ) স্বাধীনতার পর দেশের অভ্যন্তরে অথবা বিদেশে সন্ত্রাস দমন অভিযান অথবা শান্তিরক্ষী হিসেবে কর্তব্যরত অবস্থায় শাহাদত বরণকারী অফিসারগণ।

(ঘ) চাকুরিরত অথবা অবসরপ্রাপ্ত কোনো অফিসার যদি কোনো বিশেষ পরিস্থিতির শিকার হয়ে নির্মমভাবে নিহত হন।

(ঙ) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পূর্বে এবং পরে যে সকল সশস্ত্রবাহিনীর অফিসার বিশেষ অবদান রাখিয়াছেন।

(টীকা : শুধুমাত্র প্রতিষ্ঠাকালীন এবং আজীবন সদস্যদের ভোটাধিকার থাকিবে)

**খ।** **<u>সদস্যপদ গ্রহণ পদ্ধতি:</u>**

(১) কোনো ব্যক্তি উপরে বর্ণিত ধারা ৬ অনুযায়ী রাওয়ার সদস্য হওয়ার যোগ্য বিবেচিত হইলে নির্ধারিত আবেদনপত্রে সেক্রেটারি জেনারেলের নিকট আবেদন জমা করিতে পারিবেন। উক্ত আবেদনপত্রের শেষ অনুচ্ছেদে RAOWA এর গঠনতন্ত্র, আচরণ বিধি এবং Bye-Laws and SOP সঠিকভাবে মানিয়া চলিবার ওপর একটি অঙ্গীকারনামা সন্নিবেশিত থাকিবে যা আবেদনকারীর স্বাক্ষরিত অবস্থায় জমা দিতে হইবে। আজীবন সদস্যপদের জন্য আবেদনপত্রের সাথে শুধুমাত্র ভর্তি চাঁদা প্রদান করিতে হইবে। নির্বাহী পরিষদ কর্তৃক আবেদনপত্র অনুমোদনের দিন হইতে সদস্যপদ কার্যকর হইবে।

(২) কোনো সদস্যপদ প্রার্থীর আবেদন নির্বাহী পরিষদ কর্তৃক বাতিল হইলে তিনি সাধারণ পরিষদের নিকট আবেদন করিতে পারিবেন। এই ধরনের আবেদন রাওয়ার সাধারণ পরিষদের সভায় পর্যালোচনা করা হইবে, সিদ্ধান্ত অবশ্য পালনীয় এবং চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

Chairman RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

(৩) সদস্যপদের সকল আবেদন প্রাপ্তির ৪৫ দিনের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

(৪) সংস্থাটি গঠনের শুরু হইতে বিভিন্ন বিবর্তনে যাহারা প্রতিষ্ঠাকালীন ও আজীবন সদস্য ছিলেন তাহারা রাওয়ার সদস্য হিসেবে পরিগণিত হইবেন।

গ। **<u>সদস্যদের সুযোগ সুবিধা:</u>**

(১) প্রতিষ্ঠাকালীন এবং আজীবন সদস্যদের সাধারণ সভায় যোগ দেওয়ার ও ভোট প্রদানের অধিকার থাকিবে। তাঁহারা নির্বাহী পরিষদ বা অন্যান্য কমিটির নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবেন এবং এই সকল কমিটির সভায় ভোট দিতে পারিবেন।

(২) সকল সদস্যের নির্ধারিত চার্জ প্রদানপূর্বক রাওয়ার সকল সুযোগ/সুবিধা গ্রহণের অধিকার থাকিবে এবং রাওয়া কর্তৃক আয়োজিত সামাজিক ও অন্যান্য অনুষ্ঠানে বিভিন্ন সময়ে ধার্যকৃত চার্জ প্রদানপূর্বক অংশগ্রহণের অধিকার থাকিবে।

ঘ। **<u>সদস্যপদ বাতিল/স্থগিত করণ:</u>** কোনো ব্যক্তি যাহাকে রাওয়ার সদস্য হিসেবে গ্রহণ করা হইয়াছে, নিম্নলিখিত কারণে তাহার সদস্যপদ বাতিল/স্থগিত করা যাইতে পারে:

(১) যে-কোনো কারণে ইস্তফা প্রদান করিলে সদস্যপদ বাতিল হইবে।

(২) কোনো সদস্য পরলোকগমন করিলে তাহার সদস্যপদ বাতিল হইবে।

(৩) কোনো আদালত কর্তৃক কোনো সদস্য নৈতিক স্খলনজনিত অপরাধের জন্য চূড়ান্ত সাজাপ্রাপ্ত হইলে।

(৪) শৃঙ্খলাজনিত কারণে কোনো সদস্যের সদস্যপদ বাতিল/স্থগিত হইলে।

**ধারা-৭ : <u>শৃঙ্খলাজনিত ব্যবস্থা:</u>**

ক। কোনো সদস্য সশস্ত্রবাহিনী এবং রাওয়ার সম্মান, স্বার্থ, সুনাম লক্ষ্য ও আদর্শ বিরোধী আচরণ করিলে বা SOP এবং গঠনতন্ত্রের পরিপন্থী কোনো কাজ করিলে নির্বাহী পরিষদ স্ব-উদ্যোগে তাৎক্ষণিকভাবে তাহা আমলে (Cognizance) লইবে এবং অনুরূপ অসম্মানজনক কাজের বিপরীতে শৃঙ্খলামূলক ব্যবস্থা নেওয়ার জন্য যে-কোনো সদস্য সেক্রেটারি জেনারেল এর বরাবর লিখিতভাবে অভিযোগ দাখিল করিতে পারিবেন।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
৮-১১-২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

খ। নির্বাহী পরিষদ স্বপ্রণোদিতভাবে অভিযোগ আমলে (Cognizance) নেওয়ার দিন হইতে অথবা কোনো সদস্যের নিকট হইতে অভিযোগ প্রাপ্তির দিন হইতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নির্বাহী পরিষদের সভায় সেই অভিযোগসমূহ আলোচনা করিবে।

গ। নির্বাহী পরিষদের সভায় নির্বাহী পরিষদের কোনো সদস্য এবং রাওয়ার কোনো সদস্যের বিরুদ্ধে কোনো অভিযোগ প্রাথমিকভাবে সত্য বলিয়া প্রতিয়মান হইলে এবং উক্ত সভায় তাহা অনুমোদিত হইলে সংশ্লিষ্ট সদস্যের বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

ঘ। প্রথমেই অভিযোগসমূহ সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক লিখিতভাবে সংশ্লিষ্ট সদস্য/সদস্যবৃন্দকে জানাইয়া তাঁহার/তাঁহাদের বিরুদ্ধে কেনো যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে না সেই মর্মে সেক্রেটারি জেনারেল কর্তৃক কারণ দর্শানো নোটিশ জারি করিতে হইবে। উক্ত নোটিশ প্রাপ্তির দিন হইতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সেক্রেটারি জেনারেল এর বরাবরে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য সংশ্লিষ্ট সদস্য/সদস্যবৃন্দকে নির্দেশ দিতে হইবে।

ঙ। নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত সদস্য/সদস্যবৃন্দ কারণ দর্শাইতে ব্যর্থ হইলে অথবা তাঁহার/তাঁহাদের দাখিলকৃত উত্তরে নির্বাহী পরিষদ সন্তুষ্ট না হইলে উক্ত সংশ্লিষ্ট সদস্যকে/সদস্যবৃন্দকে লিখিতভাবে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যক্তিগত শুনানির জন্য নির্বাহী পরিষদের সম্মুখে উপস্থিত হওয়ার নির্দেশ দিবে।

চ। অভিযুক্ত সদস্য/সদস্যবৃন্দ লিখিত বক্তব্য/ব্যক্তিগত শুনানি শেষে নির্বাহী পরিষদ যদি এই মর্মে সম্পূর্ণভাবে সন্তুষ্ট হয় যে, অভিযুক্ত সদস্য/সদস্যবৃন্দের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হইয়াছে, তাহা হইলে অভিযোগের গুরুত্বানুযায়ী অভিযুক্ত সদস্য/সদস্যবৃন্দের বিরুদ্ধে নিম্নরূপভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে :

(১) অভিযুক্ত সদস্য/সদস্যবৃন্দের সদস্যপদ সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করিতে পারিবে। নির্বাহী পরিষদ নিজস্ব ক্ষমতাবলে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত অভিযুক্ত সদস্য/সদস্যবৃন্দের সদস্যপদ স্থগিত রাখিতে পারিবে। ০৬ (ছয়) মাসের উর্ধ্বে সদস্যপদ স্থগিত করিলে এই স্থগিতাদেশ চলমান থাকিবে এবং পরবর্তী নিকটতম সাধারণ সভায় তাঁহা অনুমোদনের জন্য পেশ করিবে। সাধারণ সভার সিদ্ধান্ত অনুরূপ ক্ষেত্রে চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(২) কোনো সদস্যের সদস্যপদ স্থগিত হইলে তিনি রাওয়া কমপ্লেক্স এবং রাওয়ার কোনো স্থাপনায় প্রবেশ করিতে পারিবেন না। তবে এই সদস্য তাহার প্রতিনিধির মাধ্যমে তাঁহার বকেয়া বিল পরিশোধ করিতে পারিবেন। এই নিষেধাজ্ঞা তাহার পরিবারের জন্য প্রযোজ্য হইবে না।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(৩) নির্বাহী পরিষদের কোনো সদস্যের বিরুদ্ধে কোনো অভিযোগ উত্থাপিত হইলে একই পদ্ধতি অনুসরণ করা হইবে তবে নির্বাহী পরিষদ এ বিষয়ে আলোচনা অথবা সিদ্ধান্ত গ্রহণের সময় অভিযুক্ত সদস্য উপস্থিত থাকিতে পারিবেন না। নির্বাহী পরিষদের কোনো সদস্যের বিরুদ্ধে আনীত স্থগিতাদেশ বা যে-কোনো শাস্তিমূলক ব্যবস্থা নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হইলে উক্ত সদস্য নির্বাহী কমিটির সদস্য পদে দায়িত্ব পালনের জন্য অযোগ্য বিবেচিত হইবেন এবং এরূপ শূন্য পদে নির্বাহী পরিষদ রাওয়ার সদস্যদের মধ্য হইতে কো-অপশনের মাধ্যমে এ শূন্য পদ পূরণ করিবে এবং পরবর্তী নির্বাচনে উক্ত পদে নির্বাচন হইবে। নির্বাহী পরিষদের সদস্য বলিতে নির্বাহী পরিষদের নির্বাচিত ধারা-৮ এর খ এ উল্লেখিত ১৭ জন সদস্যদের বুঝাইবে এবং উপরোক্ত রূপে কো-অপশনকৃত সদস্যও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(৪) গঠনতন্ত্রের বিধান লঙ্ঘন গুরুতর শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হইবে।

**ধারা-৮ : নির্বাহী পরিষদ**: রাওয়ার কার্যক্রম একটি নির্বাহী পরিষদ কর্তৃক পরিচালিত হইবে:

ক। **প্রথম অস্থায়ী নির্বাহী পরিষদ**: ২১ মার্চ ১৯৮২ সালে রাওয়ার প্রথম অস্থায়ী নির্বাহী পরিষদ গঠন করা হয়। রাওয়ার পটভূমি তথা প্রথম সভার ঘোষণা এবং প্রতিষ্ঠাকালীন সদস্যগণের (ফাউন্ডার মেম্বার) তালিকা পরিশিষ্ট-২ এ সংযোজন করা হয়েছে। উক্ত পরিষদ রাওয়ার প্রথম নির্বাচন এবং নিবন্ধন না হওয়া পর্যন্ত রাওয়ার নির্বাহী পরিষদ হিসেবে কাজ করিবে। এই নির্বাহী পরিষদের আরও সদস্য কো-অপ্ট করার ক্ষমতা থাকিবে, তবে নির্বাহী পরিষদের সর্বমোট সদস্য সংখ্যা ২১ জনের বেশি হইবে না। প্রথম অস্থায়ী নির্বাহী পরিষদ এর তালিকা নিম্নে প্রদত্ত হইল:

(১) লে. জেনারেল খাজা ওয়াসিউদ্দিন, আইডিসি, পিএসসি- চেয়ারম্যান।
(২) কর্নেল এস এম রেজা, পিএসসি - সিনিয়র ভাইস চেয়ারম্যান।
(৩) লে. কর্নেল রেজাউল জলিল, পিএসসি - ভাইস চেয়ারম্যান।
(৪) লে. কর্নেল হেসামউদ্দিন আহমেদ, পিএসসি - ভাইস চেয়ারম্যান।
(৫) ক্যাপ্টেন এম এ হাকিম - সেক্রেটারি জেনারেল।
(৬) ক্যাপ্টেন আনিসুর রহমান সিনহা - জয়েন্ট সেক্রেটারি।
(৭) লে. কর্নেল ফয়েজ বাহার, পিএসসি - জয়েন্ট সেক্রেটারি।
(৮) মেজর একেএম ফজলুল বারী, পিএসসি- ট্রেজারার।
(৯) ক্যাপ্টেন মো. হাফিজউল্লাহ - নির্বাহী সদস্য।
(১০) লে. কর্নেল মো. মাহমুদুর রহমান-নির্বাহী সদস্য।
(১১) ক্যাপ্টেন জামিলুর রহমান খাঁন-নির্বাহী সদস্য।
(১২) মেজর সৈয়দ আশফাক আহমেদ-নির্বাহী সদস্য।
(১৩) মেজর কাজী শরীফ উদ্দিন আহমেদ, পিএসসি, টিই- নির্বাহী সদস্য।
(১৪) মেজর অনুকুল চন্দ্র দেব-নির্বাহী সদস্য।

Chairman RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
১০ নভেম্বর ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

(১৫) মেজর আনোয়ারুল হক- নির্বাহী সদস্য।
(১৬) ব্রিগেডিয়ার এ রউফ- কো-অপটেড নির্বাহী সদস্য।
(১৭) লে. কর্নেল কিউএএফএম এ রফিক- কো অফটেড নির্বাহী সদস্য।
(১৮) কর্নেল মো. ইকবাল-কো-অফটেড নির্বাহী সদস্য।

খ। **<u>নির্বাহী পরিষদের গঠন:</u>** নির্বাহী পরিষদের সদস্যগণ ০২ (দুই) বছরের জন্য নির্বাচিত হইবেন। কার্যনির্বাহীর কোনো পদে একাধারে (Consecutive) ০২ (দুই) মেয়াদের বেশি নির্বাচিত হইতে পারিবেন না। নির্বাহী পরিষদের গঠন নিম্নরূপ:

| | |
|---|---|
| (১) চেয়ারম্যান | - ১ জন |
| (২) সিনিয়র ভাইস চেয়ারম্যান | - ১ জন |
| (৩) ভাইস চেয়ারম্যান (সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী) | - ৩ জন |
| (৪) সেক্রেটারি জেনারেল | - ১ জন |
| (৫) ট্রেজারার | - ১ জন |
| (৬) জয়েন্ট সেক্রেটারি | - ১ জন |
| (৭) মেম্বার ডেভলপমেন্ট | - ১ জন |
| (৮) মেম্বার গেমস্ অ্যান্ড স্পোর্টস | - ১ জন |
| (৯) মেম্বার এন্টারটেইনমেন্ট অ্যান্ড কালচারাল | - ১ জন |
| (১০) মেম্বার ফুড অ্যান্ড বেভারেজ | - ১ জন |
| (১১) মেম্বার লাইব্রেরি অ্যান্ড পাবলিকেশন | - ১ জন |
| (১২) মেম্বার ওয়েলফেয়ার | - ১ জন |
| (১৩) মেম্বার (সেনাবাহিনী) | - ১ জন |
| (১৪) মেম্বার (নৌবাহিনী) | - ১ জন |
| (১৫) মেম্বার (বিমানবাহিনী) | - ১ জন |
| মোট | - ১৭ জন |

গ। **<u>নির্বাহী পরিষদের ব্যবস্থাপনা:</u>**

(১) রাওয়ার সকল নির্বাহী ও প্রশাসনিক ক্ষমতা ও নিয়ন্ত্রণ এই নির্বাহী পরিষদের ওপর ন্যস্ত থাকিবে, যাহা সাধারণ পরিষদ কর্তৃক নির্ধারিত হইবে। নির্বাহী পরিষদের সদস্যগণ নতুন নির্বাহী পরিষদ নির্বাচিত না হওয়া পর্যন্ত এবং আইন অনুযায়ী দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত কাজ চালাইয়া যাইবেন। বিদায়ী নির্বাহী পরিষদ নির্বাচনের ১৫ দিনের মধ্যে নতুন নির্বাহী পরিষদের কাছে দায়িত্ব হস্তান্তর করিবেন।

(২) নির্বাহী পরিষদের সদস্যদের সেবা হইবে স্বেচ্ছাসেবামূলক। শুধুমাত্র ভোটাধিকারযোগ্য সদস্যগণ নির্বাহী পরিষদের সদস্য পদের জন্য নির্বাচনে প্রতিযোগিতা করিতে পারিবেন।

Chairman RAOWA

পরীক্ষিত

অনুমোদিত
১১-২০২৫ ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

(৩) নির্বাহী পরিষদ সাধারণত: মাসে কমপক্ষে একবার চেয়ারম্যান/সেক্রেটারি জেনারেল কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে বৈঠকে বসিবেন। নির্বাহী পরিষদের প্রতি সভায় অংশগ্রহণের জন্য সদস্যগণ ২০০০.০০ (দুই হাজার) টাকা মাত্র করিয়া সম্মানি পাইবেন।

(৪) কোনো সদস্য যদি লিখিতভাবে পদত্যাগ করেন এবং নির্বাহী পরিষদ যদি তাহা গ্রহণ করে, তবে ঐ পদ শূন্য হইয়াছে বলিয়া গ্রহণ করা হইবে।

(৫) নির্বাহী পরিষদের কোনো সদস্য যদি জানাইয়া কিংবা না জানাইয়া পরঃপর ০৩ (তিন) টি নির্বাহী পরিষেদের সভায় অনুপস্থিত থাকেন তবে তাহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে।

(৬) কোনো সদস্যের পদ শূন্য হইলে নির্বাহী পরিষদ রাওয়ার সদস্যদের মধ্য হইতে কো-অপশনের মাধ্যমে ঐ শূন্য পদ পূরণ করিবে এবং পরবর্তী নির্বাচনে উক্ত পদের নির্বাচন হইবে।

(৭) কোনো সদস্য যেই পদের জন্য নির্বাচিত বা কো-অপ্ট হইয়াছেন যদি তিনি সেই পদ গ্রহণে বা দায়িত্ব পালনে অস্বীকৃতি জানান তবে তিনি সেই পদ হইতে বাদ পড়িয়াছেন বলিয়া ধরা হইবে এবং ঐ পদটি শূন্য হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

(৮) কোনো সদস্যের সদস্যপদ যদি উপরে বর্ণিত (৫) ও (৭) এর কারণে বাতিল হয় তাহলে পরবর্তী চার বছরের জন্য তিনি আর কোনো পদে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন না।

(৯) নির্বাহী পরিষদ সদস্যগণের দায়িত্ব উপধারা-'ঙ' অনুযায়ী পালন করিতে হইবে।

(১০) নির্বাহী পরিষদের কোনো পদ খালি থাকিলে তাহার জন্য কোনোক্রমেই ঐ নির্বাহী পরিষদ সিদ্ধান্তসমূহ এবং বিভিন্ন কার্যাবলী বাতিল হইয়া যাইবে না।

ঘ। **নির্বাহী পরিষদের ক্ষমতা ও কার্যাবলী:**

(১) নির্বাহী পরিষদ চেয়ারম্যান/সেক্রেটারি জেনারেল কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে প্রতি মাসে কমপক্ষে একবার বৈঠক বসিবে। সেক্রেটারি জেনারেল কমপক্ষে সাত দিন পূর্বে সভার আলোচ্যসূচি সবাইকে জানাইবেন। জরুরি প্রয়োজনে চেয়ারম্যানের নির্দেশে কমপক্ষে ২৪ ঘণ্টার নোটিশে সভা ডাকা যাইতে পারে। ২/৩ অংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

Chairman
RAOWA

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(২) প্রশাসন, প্রচার-প্রচারণা ও সদস্য সংক্রান্ত বিষয়টি রুটিন মাফিক সমুদয় কাজ এবং যেসব বিষয় সাধারণ পরিষদে পাঠানো যাইতে পারে তাহা সুপারিশ করা।

(৩) বাজেটের আওতায় সকল অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পন্ন করা।

(৪) বার্ষিক/বিশেষ সাধারণ সভায় (এজিএম/ইজিএম) পেশ করার আগে বাজেট, মাসিক ক্যাশ হিসাব, বার্ষিক প্রতিবেদন, বার্ষিক হিসাব ও ব্যালেন্সশিট, গঠনতন্ত্রের ধারা ও বাইলজ এবং হস্তান্তরযোগ্য দলিল-দস্তাবেজ নিরীক্ষা, অনুমোদন ও সুপারিশ করা।

(৫) রাওয়ার বিদ্যমান মানবসম্পদ নীতিমালা অনুযায়ী কোনো কর্মচারী নিয়োগ, সাময়িক বরখাস্ত, বরখাস্ত (টারমিনেশন) এবং চাকরিচ্যুত (ডিসমিস) করা যাইবে।

(৬) গঠনতন্ত্রের আওতায় সাধারণ পরিষদ কর্তৃক প্রদত্ত ক্ষমতা ও দায়িত্ব পালন।

(৭) রাওয়ার সকল বা যে-কোনো লক্ষ্য ও আদর্শ অর্জনের জন্য তহবিল সংগ্রহ, ব্যবস্থাপনা এবং ব্যয় করা।

(৮) রাওয়ার নামে কোন তফসিলী ব্যাংক বা পোস্ট অফিসে ব্যাংক হিসাব (চলতি, সঞ্চয়ী, স্থায়ী আমানত, বিনিয়োগ) খোলা ও পরিচালনা করা। এইসব হিসাব চেয়ারম্যান, সেক্রেটারি জেনারেল এবং ট্রেজারার এই তিন জনের মধ্যে যে-কোনো দুইজনের যৌথ স্বাক্ষরে পরিচালনা করা।

(৯) উপস্থিত প্রয়োজনের অতিরিক্ত এই সকল তহবিল ট্রাস্ট আইনের অধীনের সিকিউরিটি বন্ড, পোস্ট অফিস সেভিংস ব্যাংকে স্থায়ী আমানত কিংবা উপযুক্ত পোস্টাল সার্টিফিকেটে বিনিয়োগ করা।

(১০) প্রয়োজনবোধে যে-কোনো সময়ে চলতি হিসাবে অর্থ বৃদ্ধি, কোন জরুরি প্রয়োজন মিটানো এবং কোন স্থায়ী আমানত, সিকিউরিটি বা পোস্টাল সার্টিফিকেট বিন্যাস করার জন্য এই সকল সিকিউরিটি এবং আমানতের বিপরীতে সুদসহ বা সুদবিহীন ঋণ গ্রহণ করা।

(১১) রাওয়ার লক্ষ্য ও আদর্শ পূরণের জন্য জরুরি প্রয়োজনে সরকার, স্থানীয় সংস্থাসমূহ, ব্যাংক কিংবা কোনো ব্যক্তির কাছ হইতে সুদসহ বা সুদবিহীন তহবিল/মঞ্জুরি/ঋণ গ্রহণ।

(১২) রাওয়ার প্রয়োজনে কোনো ভবন বা জমি ক্রয়, অধিগ্রহণ বা ইজারা গ্রহণ।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(১৩) রাওয়ার স্থাবর ও অস্থাবর সম্পত্তি দেখাশোনা করা এবং রাওয়ার মালিকানাধীন সম্পত্তি রাওয়ার স্বার্থে ভাড়া দেয়া।

(১৪) সকল শ্রেণির সদস্যপদের আবেদনপত্র অনুমোদন করা। রাওয়ার আদর্শের সঙ্গে সঙ্গতিপূর্ণ কোনো প্রতিষ্ঠান বা রাওয়াকে এফিলিয়েশন প্রদান করা।

(১৫) কোনো বিধিবদ্ধ বা সংযুক্ত রাওয়ার পক্ষে কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি দখলে রাখা।

(১৬) প্রয়োজন মনে করিলে নির্বাহী পরিষদের সদস্য বা প্রতিষ্ঠাকালীন/আজীবন সদস্য ও তাঁহাদের স্ত্রীদের নিয়ে উপ-কমিটি গঠন করিয়া তাঁহাদেরকে কাজে নিয়োজিত করা।

(১৭) বছরের যে-কোনো সময়ে নির্বাহী পরিষদ/উপ-কমিটিসমূহের কোনো পদ শূন্য হইলে তাহা পূরণ করা।

(১৮) নির্বাহী পরিষদের ক্ষমতা ব্যবহারের প্রয়োজনে কোনো প্রমিসরি নোট, বিল অব এক্সচেঞ্জ এবং অন্য কোনো হস্তান্তরযোগ্য দলিল ও এই ধরনের অন্যান্য দলিলপত্র তৈরি, গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন।

(১৯) অবৈতনিক বা বৈতনিক চার্টার্ড/ রেজিস্টার্ড অ্যাকাউন্ট্যান্টদের অডিটর নিয়োগ করা, যাহারা রাওয়ার হিসেবপত্র নিয়মসিদ্ধ মোতাবেক অডিট করিবেন। সাধারণ পরিষদের অনুমোদনক্রমে এই অডিটর নিয়োগ করা হইবে। এ ছাড়াও প্রতি বছরের জন্য সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত অভ্যন্তরীণ হিসাব ও নিরীক্ষা কমিটি দ্বারা ত্রৈমাসিক ভিত্তিতে হিসাব নিরীক্ষা সম্পন্ন করা।

(২০) বিদেশে কোনো সম্মেলন বা প্রাক্তন চাকুরিজীবীদের সম্মেলনে প্রতিনিধিত্ব করার জন্য সদস্য নিয়োগ করা এবং প্রয়োজন হইলে তাহার ভ্রমণ ব্যয় পূর্ণ বা আংশিকভাবে প্রদান করা।

(২১) রাওয়ার পক্ষে মামলা পরিচালনার জন্য সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত কোনো উকিল বা আইনি ফার্ম নিয়োগ করা এবং এই ব্যাপারে যাবতীয় খরচ ও চার্জ প্রদান করা। সাধারণ পরিষদের পূর্বানুমোদন ছাড়া রাওয়ার কোনোরূপ সম্পত্তি বিক্রয় বা মর্টগেজ দেওয়া যাইবে না।

(২২) কোনো ট্রাস্ট গঠন ও পরিচালনা, ট্রাস্টির নিয়োগ ও তাঁহাদের পারিশ্রমিক নির্ধারণ এবং প্রয়োজনে তাঁহাদের কাউকে বা সবাইকে অপসারণ।

(২৩) রাওয়ার যে-কোনো বা সকল লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে সব রকম নির্বাহী ও প্রশাসনিক কাজের চূড়ান্ত নিষ্পত্তি করা।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
১৪ নভে ৫/১১/২৪
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(২৪) রাওয়ার গঠনতন্ত্র ও আইনে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তাবায়নের জন্য সময়ে সময়ে গঠনতন্ত্রের সহিত সংগতি রাখিয়া বাইলজ প্রণয়ন করা।

(২৫) নির্বাহী পরিষদ তাহার সকল কাজ ও সিদ্ধান্তের জন্য সাধারণ পরিষদের নিকট জবাবদিহি করিবে, তবে কোনো বিশেষ বা অধিভুক্ত রাওয়ার নিকট তাহাদের কাজ ও সিদ্ধান্ত জন্য কারণ দর্শাইতে হইবে না।

(২৬) নির্বাহী পরিষদের সভায় গৃহিত সিদ্ধান্তের আলোকে গঠিত সকল ধরনের তদন্ত কমিটির রিপোর্ট/প্রতিবেদন/সুপারিশগ্রহণ/ অনুমোদন/বাতিলকরণ। তবে সাধারণ পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত সকল কমিটি/বোর্ডের প্রতিবেদন নির্বাহী পরিষদের মতামত/সিদ্ধান্ত সহকারে সাধারণ পরিষদের সিদ্ধান্তের জন্য উপস্থাপন করিতে হইবে।

(২৭) রাওয়ার লক্ষ্য ও উদ্দেশ্যে বর্ণিত গবেষণা কেন্দ্র স্থাপন করা ও উহার নীতিমালা প্রণয়ন, সংগঠন এবং অর্থায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(২৮) রাওয়ার সকল প্রকার প্রশাসনিক কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনা ও নির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত সকল সিদ্ধান্ত/নীতিমালা বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালনের জন্য নিয়োজিত কার্যালয়ের (রাওয়া কার্যালয়) তত্ত্বাবধান ও পরিচালনা করা। রাওয়া কার্যালয়ের দায়িত্ব ও কর্তব্যসমূহ নিম্নরূপ হইবে:

(ক) রাওয়ার সকল অপারেশনাল, প্রশাসনিক, সংস্থাপন এবং সেক্রেটারিয়েট এর দায়িত্ব পালন করা।

(খ) নির্বাহী পরিষদের পক্ষে মৌলিক নিয়ন্ত্রণ, যোগাযোগ, সমন্বয় এবং তথ্যের দায়িত্ব পালন করা।

৬। **<u>নির্বাহী পরিষদ সদস্যদের দায়িত্ব ও কর্তব্য:</u>**

**(১) <u>চেয়ারম্যান:</u>**

(ক) চেয়ারম্যান হচ্ছেন রাওয়ার গঠনতান্ত্রিক প্রধান। নির্বাহী পরিষদের সকল সদস্য চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে তাহাদের দায়িত্ব পালন করিবেন।

(খ) চেয়ারম্যান রাওয়ার সকল বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা (ইজিএম) এবং নির্বাহী পরিষদের সভা ও আলোচনা সভায় সভাপতিত্ব করিবেন।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
১৫-২০১৫ ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(গ) সকল সভায় ভোটের ফলাফল সম্পর্কে চেয়ারম্যানের ঘোষণা চূড়ান্ত বিবেচিত হইবে যদি না তাৎক্ষণিকভাবে কেহ সেইরূপ ঘোষণা চ্যালেঞ্জ করিয়া পুনরায় ভোটের জন্য দাবি না করেন।

(ঘ) চেয়ারম্যানের স্বাভাবিক ভোটদানের অধিকার ছাড়াও নির্ধারক ভোটের অধিকার থাকিবে।

(ঙ) চেয়ারম্যানের কোনো সভা মুলতুবি করার বা কোনো বিষয়ে বির্তক স্থগিত করার ক্ষমতা থাকিবে যদি না উপস্থিত ভোট দাতাদের দুই-তৃতীয়াংশ তাঁহার সিদ্ধান্তের বিরোধিতা করে।

(চ) সুষ্ঠুভাবে রাওয়া পরিচালনার জন্য কোনো সদস্যের অনুপস্থিতির কারণে তাহার দায়িত্ব ও কর্তব্যসমূহ অন্য কোনো সদস্যের মধ্যে বন্টন করিতে পারিবেন।

(ছ) ৪৫ দিনের নোটিশে বার্ষিক সাধারণ পরিষদের সভা (এজিএম), ন্যূনতম ২১ দিনের নোটিশে বিশেষ সাধারণ পরিষদের সভা (ইজিএম) এবং ন্যূনতম ০৭ দিনের নোটিশে নির্বাহী পরিষদ সভা এবং ন্যূনতম ২৪ ঘণ্টার নোটিশে জরুরি নির্বাহী পরিষদ সভা ডাকিতে পারিবেন।

(২) **সিনিয়র ভাইস চেয়ারম্যান :**

(ক) চেয়ারম্যানের অনুপস্থিতিতে সিনিয়র ভাইস চেয়ারম্যান চেয়ারম্যানের দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন এবং চেয়ারম্যান যে দায়িত্ব প্রদান করেন তাহা পালন করিবেন।

(খ) তিনি নির্বাহী পরিষদের নির্দেশনা মোতাবেক রাওয়ার কল্যাণ বিষয়ক সার্বিক কর্মকাণ্ড পরিচালনায় প্রয়োজনীয় পরামর্শ প্রদান করিবেন।

(৩) **ভাইস চেয়ারম্যানগণ (সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী):**

(ক) রাওয়া সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে নিজ নিজ বাহিনীর সদর দপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয় করিবেন।

(খ) জ্যেষ্ঠতম ভাইস চেয়ারম্যান, চেয়ারম্যান ও সিনিয়র ভাইস চেয়ারম্যান এর অনুপস্থিতিতে চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

(গ) চেয়ারম্যান যে দায়িত্ব প্রদান করিবেন তাহা পালন করিবেন এবং এই ব্যাপারে তাহাকে সহায়তা করিবেন।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(ঘ) চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত রাওয়ার বিভিন্ন সার্ভিস (যেমন: ডেভেলপমেন্ট, গেমস অ্যান্ড স্পোর্টস, কালচারাল অ্যান্ড এন্টারটেইনমেন্ট, ফুড অ্যান্ড বেভারেজ, লাইব্রেরি অ্যান্ড পাবলিকেশন এবং ওয়েলফেয়ার) সংক্রান্ত সকল কর্মকাণ্ড সমন্বয় করিবেন।

**(৪) <u>সেক্রেটারি জেনারেল:</u>** তিনি রাওয়ার প্রধান নির্বাহীর দায়িত্ব পালন করিবেন। সংক্ষেপে তাঁহার দায়িত্ব নিম্নরূপ :

(ক) রাওয়ার সকল সম্মেলন ও সভায় উপস্থিত থাকিবেন এবং সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করিবেন।

(খ) রাওয়ার সকল সভার সিদ্ধান্ত এবং কার্যবিবরণী সঠিকভাবে সংরক্ষণ করিবেন এবং সিদ্ধান্ত অনুযায়ী উপযুক্ত কার্যব্যবস্থা গ্রহণ করিবেন।

(গ) রাওয়ার সদস্যদের পদবি, নাম, ডেকোরেশন ও ঠিকানা সঠিকভাবে সংরক্ষণ এবং সাধারণ পরিষদ, নির্বাহী পরিষদ এবং উপকমিটিসমূহের সভার কার্যবিবরণী সংরক্ষণ করিবেন।

(ঘ) তিনি সাধারণভাবে নির্বাহী পরিষদের সহযোগিতায় রাওয়াকে গতিশীলভাবে সংগঠিত করণের জন্য দায়ী থাকিবেন।

(ঙ) রাওয়ার প্রশাসন ও নীতি সংক্রান্ত সকল বিষয়ে পরামর্শ প্রদান করিবেন।

(চ) রাওয়ার পক্ষে সকল প্রকার যোগাযোগ রক্ষা করিবেন।

(ছ) রাওয়ায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী যাহারা তাঁহার প্রশাসনিক নিয়ন্ত্রণে থাকিবেন তাহাদের উপযুক্ত রেজিস্টার ও রেকর্ড সংরক্ষণ করিবেন। জরুরি প্রয়োজনে সেক্রেটারি জেনারেল চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে যে-কোনো কর্মকর্তা/কর্মচারীকে সাময়িক বরখাস্ত এবং সাময়িক নিয়ুক্তি দিতে পারিবেন এবং পরবর্তী নির্বাহী পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন।

(জ) রাওয়ার সকল বই-পত্র ও রেকর্ড হেফাজতে রাখিবেন।

Chairman RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
১৭ নভেম্বর ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

(ঝ) বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের জন্য রাওয়ার বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং তাহা অনুমোদনের জন্য নির্বাহী পরিষদের সভায় উত্থাপন করিবেন।

(ঞ) বিভিন্ন সহযোগী এবং অধিভুক্ত সংস্থাসমূহের কর্মকাণ্ড এবং তাহাদের সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করিবেন।

(ট) ট্রেজারারের সঙ্গে যোগাযোগ রক্ষা করিবেন এবং নিশ্চিত করিবেন যে, রাওয়ার পক্ষ হইতে যে সকল চেক এবং হস্তান্তরযোগ্য দলিলপত্র ইস্যু করা হয় তাহা নির্বাহী পরিষদ কর্তৃক প্রাধিকৃত ব্যক্তি স্বাক্ষর করিয়াছেন।

(ঠ) রাওয়ার সকল সম্পত্তির রক্ষক হিসেবে কাজ করিবেন।

(ড) নির্বাহী পরিষদ অন্য কোনো দায়িত্ব দিলে তাহা পালন করিবেন।

(ঢ) রাওয়া কোনো মামলা করিলে কিংবা রাওয়ার বিরুদ্ধে কোনো মামলা হইলে তাহা সেক্রেটারি জেনারেলের নামে হইবে।

(ণ) নির্বাহী পরিষদের সাথে পরামর্শ এবং অনুমোদনক্রমে তিনি কোনো আইনি আদালতে মামলা ও অন্যান্য কার্যক্রমে রাওয়ার প্রতিনিধিত্ব করিবেন। তিনি নির্বাহী পরিষদের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো মামলা বা সংশ্লিষ্ট কার্যক্রমে আপোষ করিতে পারিবেন না।

(ত) তিনি চেয়ারম্যানের সম্মতিক্রমে ন্যূনতম ৪৫ দিনের নোটিশে সাধারণ পরিষদের সভা (এজিএম), ন্যূনতম ২১ দিনের নোটিশে বিশেষ সাধারণ পরিষদের সভা (ইজিএম) এবং ন্যূনতম ০৭ দিনের নোটিশে নির্বাহী পরিষদের সভা এবং ন্যূনতম ২৪ ঘণ্টার নোটিশে জরুরি নির্বাহী পরিষদের সভা ডাকিবেন।

**(৫) <u>ট্রেজারার:</u>**

(ক) তিনি রাওয়ার সকল অর্থনৈতিক কর্মকাণ্ড এবং সমুদয় তহবিলের পরিচালনা এবং নিরাপত্তা বিধানের জন্য দায়ী থাকিবেন।

(খ) তিনি নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত এএএ/এএ শ্রেণিভুক্ত ও নির্ভরযোগ্য কোনো আর্থিক প্রতিষ্ঠানে অথবা

Chairman RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
১৮-১১-২৪ ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

কোনো তফসিলী ব্যাংক/ব্যাংকসমূহে রাওয়ার তহবিল জমা রাখিবেন।

(গ) তিনি ক্যাশবই, সংশ্লিষ্ট অন্যান্য রেজিস্টার এবং আদায় ও ব্যয়ের রশিদ লিপিবদ্ধ ও সংরক্ষণ করার ব্যবস্থা করিবেন।

(ঘ) তিনি সমুদয় সংগৃহীত অর্থ ব্যাংকে নিরাপদে ও দ্রুততার সাথে জমা করিবার ব্যবস্থা করিবেন। তিনি ধারা-১৩ প্রাধিকৃত পরিমাণের অধিক দুই কর্মদিবসের সঞ্চয়ের বেশি কিছুতেই রাওয়ার ক্যাশে রাখিতে পারিবেন না।

(ঙ) তিনি সমুদয় হিসাবের উপযুক্ত ভাউচার সংরক্ষণের জন্য দায়ী থাকিবেন।

(চ) তিনি হিসাবপত্র যে-কোনো সময় নিরীক্ষার জন্য প্রস্তুত রাখিবেন।

(ছ) ব্যাংক হিসাব পরিচালনায় কোনো সমস্যা বা অসুবিধা দেখা দিলে তিনি তাৎক্ষণিকভাবে চেয়ারম্যানকে এবং অতিসত্তর কার্যনির্বাহী পরিষদকে অবহিত করিবেন।

(জ) তিনি রাওয়ার বিভিন্ন হিসাব (একাউন্টস) এবং ক্রয় নীতিমালা হালনাগাদ রাখিবেন এবং সেইসব নীতিমালার যথাযথ প্রয়োগ নিশ্চিত করিবেন।

(ঝ) তিনি চেয়ারম্যান ও নির্বাহী কমিটির অন্যান্য সদস্যদের সহিত পরামর্শক্রমে রাওয়ার বার্ষিক বাজেট প্রণয়ন করিবেন এবং নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে সাধারণ পরিষদের অনুমোদনের জন্য বার্ষিক সাধারণ সভায় পেশ করিবেন।

(৬) **<u>জয়েন্ট সেক্রেটারি:</u>**

(ক) তিনি রাওয়ার সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের দায়িত্ব পালন করিবেন।

(খ) তিনি সেক্রেটারি জেনারেলের অবর্তমানে গঠনতন্ত্র অনুযায়ী তাঁহার (সেক্রেটারি জেনারেল) সকল ক্ষমতা ব্যবহার করিতে পারিবেন।

(গ) তিনি সেক্রেটারি জেনারেলের নির্দেশক্রমে রাওয়ার দৈনন্দিন কার্যক্রমে তাঁহাকে সহায়তা করিবেন।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
১৯ ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(ঘ) তিনি প্রত্যেক নির্বাহী পরিষদের সভার পূর্বে সদস্যপদের আবেদনপত্র অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন।

(ঙ) রাওয়া এর ওয়েব সাইট নিয়মিত হালনাগাদকরণ এবং এর বিভিন্ন কার্যক্রমসমূহ বিধি মোতাবেক ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে যথাযথভাবে প্রচারের ব্যবস্থা করিবেন।

**(৭) মেম্বার ডেভেলপমেন্ট:** নির্বাহী পরিষদের নির্দেশনা মোতাবেক সকল প্রকার রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন কার্যক্রম পরিচালনা করিবেন।

**(৮) মেম্বার গেমস্ অ্যান্ড স্পোর্টস:** রাওয়া মেম্বার ও তাহাদের পরিবারবর্গের অংশগ্রহণে রাওয়া পরিচালিত গেমস্ অ্যান্ড স্পোর্টসের দায়িত্বে থাকিবেন।

**(৯) মেম্বার কালচারাল অ্যান্ড এন্টারটেইনমেন্ট:** নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক রাওয়ার সকল প্রকার কালচারাল ইভেন্ট এবং এন্টারটেইনমেন্ট প্রোগ্রামের দায়িত্ব পালন করিবেন।

**(১০) মেম্বার ফুড এন্ড বেভারেজ:** নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক রাওয়া ফুড এণ্ড বেভারেজ সংক্রান্ত সকল প্রকার কর্মকাণ্ডে দায়িত্ব পালন করিবেন।

**(১১) মেম্বার লাইব্রেরি অ্যান্ড পাবলিকেশন:** নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক রাওয়া লাইব্রেরির সুষ্ঠু পরিচালনা ও যাবতীয় কর্মকাণ্ড পরিচালনা করার পাশাপাশি গণমাধ্যম এবং জনসংযোগ সংশ্লিষ্ট যাবতীয় কর্মকাণ্ড সম্পাদন করিবেন।

**(১২) মেম্বার ওয়েলফেয়ার:** নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সিনিয়র ভাইস চেয়ারম্যানের তত্ত্বাবধায়নে রাওয়ার সকল প্রকার কল্যাণমূলক কর্মকাণ্ড পরিচালনা করিবেন।

**(১৩) মেম্বারগণ (সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী):** নির্বাহী কমিটি বা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত দায়িত্ব যথাযথভাবে পালন করিবেন।

## ধারা-৯: নির্বাহী পরিষদের নির্বাচন:

**ক। নির্বাচন পদ্ধতি:** নির্বাহী পরিষদের নির্বাহী সদস্যগণ সাধারণ ভোটে গোপন ব্যালট এর মাধ্যমে নির্বাচিত হইবেন। ধারা-৮ খ এর উল্লিখিত পোর্টফোলিও অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হইবে। নির্বাচন কমিশন প্রয়োজন মনে করিলে ই-ভোটিং এর মাধ্যমেও ভোট গ্রহণ করিতে পারিবেন। নির্বাহী পরিষদের সদস্যবৃন্দের নির্বাচন ও অবসরগ্রহণ নিম্নরূপভাবে অনুষ্ঠিত হইবে:

Chairman RAOWA

পরীক্ষিত

অনুমোদিত
২০২৩ ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

(১) নির্বাহী পরিষদের নির্বাচন এক পর্বে প্রতি দুই বছর পর পর ৩০ ডিসেম্বর বা তার পূর্বে অনুষ্ঠিত হইবে। তবে ২০২৪ সালের নবনির্বাচিত নির্বাহী পরিষদ বিশেষ সাধারণ সভার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিবেন যে, পরবর্তী নির্বাচন দুই পর্বে হইবে কি হইবে না এবং হইলে তাহা কিভাবে কার্যকর করা হইবে।

(২) উন্মুক্ত নির্বাচনের মাধ্যমে সকল সদস্যবৃন্দ একত্রে নির্বাচিত হইবেন।

খ। **<u>নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীর যোগ্যতা:</u>**

(১) সকল প্রতিষ্ঠাকালীন এবং আজীবন সদস্য নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবে।

(২) নির্বাচনী বছরের ১৫ই নভেম্বরের মধ্যে রাওয়ার সকল বকেয়া পরিশোধিত থাকিতে হইবে।

(৩) নির্বাচনের প্রার্থীর ক্ষেত্রে কোনো বয়স সীমা, চাকুরির মেয়াদ এবং পদবির (Rank) বৈষম্য থাকিবে না।

গ। **<u>নির্বাচন প্রক্রিয়া:</u>**

(১) নির্বাচনের সময় রঙিন ছবিযুক্ত ভোটার তালিকা প্রণয়ন করিতে হইবে এবং সংগঠনের কমিটি গঠনের পূর্বে নিবন্ধীকরণ কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে। নির্বাচনের দিন নিবন্ধনকারী কর্তৃপক্ষের উপস্থিতি নিশ্চিত করিতে হইবে।

(২) সাধারণ পরিষদ কর্তৃক গোপন ভোটের মাধ্যমে অথবা সর্বসম্মতিক্রমে দ্বি-বার্ষিক সাধারণ সভা বা নির্বাচনী সভার মাধ্যমে কার্যনির্বাহী পরিষদ গঠন করা হইবে

(৩) একজন সদস্য একটি পদে একটি মাত্র ভোট প্রদান করিবেন। কোনো প্রতিনিধির মাধ্যমে ভোট প্রদান করা যাইবে না।

(৪) **<u>কার্যনির্বাহী পরিষদের মেয়াদ:</u>** কার্যনির্বাহী কমিটির নির্বাচনের তারিখ থেকে পরবর্তী ২ (দুই) বছর পর্যন্ত কমিটির মেয়াদ বহাল থাকবে। কমিটির এই মেয়াদকালের মধ্যেই পরবর্তী নির্বাচনের প্রস্তুতি গ্রহণ করিতে হইবে।

(৫) **<u>সর্বশেষ চলিত কার্যকরি পরিষদের মেয়াদ বৃদ্ধিকরণ:</u>** অনিবার্য কারণ বশতঃ নির্বাচিত ও নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কমিটি কর্তৃক নির্ধারিত মেয়াদে রাওয়ার নির্বাচন অনুষ্ঠানে ব্যর্থ হলে নির্বাচিত কমিটি সাধারণ পরিষদের মোট সদস্যের ন্যূনতম ২/৩ (দুই তৃতীয়াংশ)

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
২১
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

সদস্যের সমর্থনে ও অনুমোদনে শুধুমাত্র নির্বাচনের জন্য নির্বাচিত কমিটির মেয়াদ ৩ (তিন) মাস বৃদ্ধি করিয়া বর্ধিতকালীন সময়ের মধ্যে নির্বাচন সম্পন্ন করিবেন। তবে এ সময় বৃদ্ধি ১ (এক) বারের বেশি নহে।

**(৬)** **<u>কার্যনির্বাহী কমিটির মেয়াদকালীন নির্বাচন :</u>** রাওয়ার সভাপতি/সাধারণ সম্পাদক/কোষাধ্যক্ষ পদত্যাগ করিলে অথবা কার্যনির্বাহী কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্য পদত্যাগ করিলে অথবা কমিটি বা কমিটির কোনো সদস্য দুর্নীতিগ্রস্থ হইলে/গঠনতন্ত্র বহির্ভূত কার্যক্রমে লিপ্ত হইলে রাওয়ার সাধারণ পরিষদ প্রয়োজনে মোট সাধারণ সদস্যের ন্যূনতম ২/৩ (দুই তৃতীয়াংশ) সদস্যের সমর্থনে সংগঠনের বৃহত্তর স্বার্থে নির্বাচিত কার্যনির্বাহী কমিটি মেয়াদকালে কমিটির পুনর্গঠন অথবা ভাঙিয়া দিয়া নতুন নির্বাচন অনুষ্ঠানের ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**(৭)** **<u>নির্বাচন কমিশন :</u>** নির্বাচিত কমিটির মেয়াদ শেষ হওয়ার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে কার্যনির্বাহী পরিষদের সভার সিদ্ধান্তক্রমে ০৫ (পাঁচ) / ০৭ (সাত) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হইবে। এদের মধ্যে একজন প্রধান নির্বাচন কমিশনার এবং অন্য সকলে নির্বাচন কমিশনার থাকিবে।

**(৮)** রাওয়ার প্রয়োজনে সাধারণ পরিষদের সভার সিদ্ধান্ত মোতাবেক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ও গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন কমিশন গঠন করিতে পারিবেন।

**(৯)** নির্বাচনের পর পরই নির্বাচনের ফল ঘোষণা করিতে হইবে। নির্বাচনের ফলাফল ঘোষণার পর নির্বাচন কমিশন বিলুপ্ত হইবে।

**(১০)** নির্বাচন কমিশন নির্বাচনের ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে নির্বাচনের তফসিল ঘোষণা করিবেন এবং নির্বাচনের প্রস্তুতি গ্রহণ করিবেন।

**(১১)** দুই প্রার্থী নির্বাচনে সমান সংখ্যক ভোট পাইলে লটারির মাধ্যমে ফলাফল চূড়ান্ত করা হইবে।

**(১২)** বর্তমান কার্যনির্বাহী পরিষদ নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদের নিকট ১৫ (পনের) দিনের মধ্যে ক্ষমতা হস্তান্তর করিবেন।

**(১৩)** নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদনের জন্য ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দাখিল করিতে হইবে এবং নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
২২ নভে ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

ঘ। **<u>ভোটের প্রণালী</u> :**

**(১) <u>ভোট গণনা</u> :**

(ক) ভোট প্রদানের সময় পার হওয়ার সঙ্গে সঙ্গে ভোট গণনা শুরু হইবে এবং তাহা সকল ভোট গণনা হওয়া পর্যন্ত চলিবে। ভোট গণনা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে নির্বাচন কমিশন ফলাফল শিট প্রস্তুত করিবেন এবং তাহাতে স্বাক্ষর করিবেন।

(খ) ভোট গণনা শেষ হওয়ার ৪৮ ঘণ্টার মধ্যে নির্বাচিত সদস্যদের নাম নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইবে ।

**(২) <u>ভোটার</u>:** নির্বাহী পরিষদের সদস্যপদে নির্বাচনে সকল প্রতিষ্ঠাকালীন এবং আজীবন সদস্যগণ যাহারা রাওয়া এবং ইহার সহযোগী সংস্থাসমূহের নির্বাচনী বছরের ১৫ই নভেম্বরের মধ্যে সকল বকেয়া পরিশোধ করিয়াছেন তাহারা ভোটার হিসেবে যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। উল্লেখ্য, নির্বাচনের নির্ধারিত তারিখের ১০ দিন পূর্বে ভোটার তালিকা রাওয়ার নোটিশ বোর্ডে দৃশ্যমান থাকিবে।

**(৩) <u>সদস্যদের রেজিস্টার</u>:** রাওয়ার সদস্যদের একটি রেজিস্টার সংরক্ষণ করা হইবে যাহা বার্ষিক সাধারণ সভার ১৫ দিন পূর্বে তালিকাভুক্তি বন্ধ রাখা হইবে এবং ঐ সময়ে রেজিস্টারে কোনো নতুন নাম লিপিবদ্ধ করা হইবে না। এ ছাড়া, ধারা-৭ অনুযায়ী যে সকল সদস্য বাদ দেওয়া হইয়াছে তাহাদের নাম তালিকায় থাকিবে না।

**<u>ধারা-১০ : পৃষ্ঠপোষক</u> :** প্রধান পৃষ্ঠপোষক হিসেবে সেনাবাহিনী প্রধান এবং অন্য ৩ জন (সেনা, নৌ ও বিমান বাহিনী প্রধান কর্তৃক মনোনীত PSO/ সম পদমর্যাদার অফিসার) পৃষ্ঠপোষক এর আসন অলঙ্কৃত করিবেন।

**<u>ধারা-১১ : সাধারণ সভার নিয়মাবলী</u> :**

ক। **<u>বার্ষিক সাধারণ সভা (এজিএম)</u>:**

(১) রাওয়ার বার্ষিক সাধারণ সভা বছরে একবার নির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে। রাওয়ার সেক্রেটারি জেনারেল সভার ন্যূনতম ৪৫ দিন পূর্বে রাওয়ার সকল সদস্যকে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ সম্বন্ধে অবহিত করিবেন।

(২) কোনো সদস্য বার্ষিক সাধারণ সভায় উত্থাপনের জন্য কোনো প্রস্তাব দিতে চাহিলে তাহা উক্ত সভা অনুষ্ঠানের ন্যূনতম ৩০ দিন পূর্বে সেক্রেটারি জেনারেলের নিকট পাঠাইতে হইবে।

(৩) বার্ষিক সাধারণ সভার কার্যসূচি প্রস্তুতকালে নির্বাহী পরিষদের নিম্নলিখিত বিষয়গুলি নির্ধারণের অধিকার থাকিবে:

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
২৩ নভে ৫/১১/২৪
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(ক) কার্যসূচিতে যে সকল বিষয় অন্তর্ভুক্ত করা হইবে তাহার ক্রম নির্ধারণ করা।

(খ) একই বিষয়ে কিংবা তাহার অংশ বিশেষের সমুদয় প্রস্তাব সমন্বয় করিয়া এক বা ততোধিক প্রস্তাব প্রণয়ন করা।

(গ) রাওয়ার লক্ষ্য ও আদর্শের সঙ্গে সঙ্গতিপূর্ণ নহে অথবা অনিয়মিত বা বিধিবহির্ভূত বলিয়া বিবেচিত হইলে প্রস্তাব বাতিল করা।

(ঘ) সাধারণ পরিষদে বিবেচিত হইতে পারে এমন কোনো প্রস্তাব প্রণয়ন ও বিলি করা।

(৪) সেক্রেটারি জেনারেল বার্ষিক সাধারণ সভার ন্যূনতম ১৫ দিন পূর্বে সভার কার্য সূচি উল্লেখপূর্বক সাধারণ পরিষদের অনুমোদনের জন্য প্রস্তুতকৃত সমুদয় নথিপত্র সংযুক্ত করত সভার নোটিশ প্রদান করিবেন।

(৫) বার্ষিক সাধারণ সভায় ১৫০ (একশত পঞ্চাশ) জন সদস্য অথবা মোট সদস্যের ২৫% (পঁচিশ) সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

(৬) যদি বার্ষিক সাধারণ সভার নির্ধারিত সময়ের এক ঘণ্টার মধ্যে কোরাম পূরণ না হয় তাহা হইলে সেদিনের মত সভা মুলতুবি ঘোষণা করা হইবে এবং পরের সপ্তাহের একই দিন, একই সময়ে ও একই স্থানে উক্ত সভা অনুষ্ঠিত হইবে।

(৭) সকল সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত হইবে।

(৮) বার্ষিক-সাধারণ সভায় নিম্নলিখিত বিষয়গুলো অনুষ্ঠিত হইবে:

(ক) পূর্বের সভার কার্যবিবরণী অনুমোদন।

(খ) পূর্বের বছরের বার্ষিক প্রতিবেদন এবং হিসাব বিবরণীর অডিটকৃত এবং প্রত্যয়িত ব্যালেন্সশিট উপস্থাপন ও পাশ করা।

(গ) পরবর্তী বছরের অডিটর নিয়োগ ও ফি নির্ধারণ।

(ঘ) পরবর্তী বছরের জন্য আইনি ফার্ম/আইন পরামর্শক এবং অভ্যন্তরীণ অডিট ও নিরীক্ষা কমিটি নিয়োগ করা।

(ঙ) প্রস্তাবসমূহ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(চ) চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত কোনো বিষয়ের ওপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ছ) সময় হওয়া সাপেক্ষে নির্বাহী পরিষদ সদস্য নির্বাচন।

Chairman
RAOWA

অনুমোদিত
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

খ।   **<u>বিশেষ সাধারণ সভা (Extraordinary General Meeting)</u>:**

(১)   সাধারণ পরিষদ কিংবা চেয়ারম্যান যখন প্রয়োজন এবং অপরিহার্য মনে করিবেন তখনই বিশেষ সাধারণ সভা আহবান করিতে পারিবেন।

(২)   এই ধরনের সভা রেজিস্টারে তালিকাভুক্ত কমপক্ষে ৩০ শতাংশ সদস্যের দাবি অনুযায়ীও ডাকা যাইতে পারে।

(৩)   বার্ষিক সাধারণ সভার মত একই পদ্ধতিতে এই সভা আহবান করা যাইতে পারে এবং সভা পরিচালনার ব্যাপারে একই রীতিনীতি অনুসরণ করা হইবে। কেবল সর্বনিম্ন ২১ দিনের নোটিশ প্রদান করিতে হইবে। বিশেষ সাধারণ সভার নোটিশে সভার বিশেষ উদ্দেশ্য উল্লেখ করিতে হইবে এবং উক্ত সভার নোটিশে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোনো বিষয় আলোচনা করা যাইবে না।

(৪)   বিশেষ সাধারণ সভায় যে-সকল বিষয় উত্থাপন করা হইবে সদস্যগণ সেই ব্যাপারে সেক্রেটারি জেনারেলের কাছে নোটিশ পাঠাইবেন এবং সভা ডাকার অনুরোধ জানাইবেন।

(৫)   বিশেষ সাধারণ সভায় ন্যূনতম ১০০ (একশত) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

(৬)   নির্বাহী পরিষদের কোনো সদস্যের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনয়নের জন্য বিশেষ সাধারণ সভা ডাকিতে হইলে কমপক্ষে রেজিস্টারে তালিকাভুক্ত ৩০ শতাংশ সদস্যের স্বাক্ষর সম্বলিত পিটিশন প্রয়োজন হইবে এবং সভায় উপস্থিত ৭৫ শতাংশ সদস্যের ভোটে প্রস্তাব পাশ হইতে হইবে।

গ।   **<u>কার্যবিবরণী এবং তাহার প্রমাণ/স্বাক্ষর</u>:**   বার্ষিক/বিশেষ সাধারণ সভা এবং নির্বাহী পরিষদসমূহের সভার সকল মিনিটস, কার্যবিবরণী এবং প্রস্তাবসমূহ যাহা চেয়ারম্যান ও সেক্রেটারি জেনারেল কর্তৃক স্বাক্ষরিত হইবে এবং সেই সকল কার্যবিবরণী সকল আজীবন সদস্যদের জ্ঞাতার্থে তাঁহাদের নিকট প্রেরণ করিতে হইবে। সকল মিনিটস্ সংশ্লিষ্ট সভাসমূহের প্রামাণ্য দলিল হিসেবে পরিগণিত হইবে।

**<u>ধারা-১২: সাধারণ পরিষদের ক্ষমতা</u>:**   সাধারণ পরিষদ হইবে রাওয়ার সর্বোচ্চ পরিষদ। শুধুমাত্র প্রতিষ্ঠাকালীন এবং আজীবন সদস্যবৃন্দ সাধারণ পরিষদের সদস্য বলিয়া পরিগণিত হইবেন। সাধারণ পরিষদের নির্বাহী পরিষদ সদস্যদের কার্যাবলী/প্রস্তাব অনুমোদন করা বা না করার এবং রাওয়ার গঠনতন্ত্র সংশোধনের ক্ষমতা থাকিবে।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
২৫-১০-২৫ ৫/১১/২৪
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

**<u>ধারা-১৩ : আর্থিক প্রশাসন ও তহবিল ব্যবস্থাপনা:</u>**

ক। রাওয়া তাহার কর্মকাণ্ড পরিচালনার জন্য নিম্নলিখিত যে-কেনো উপায়ে বা নির্বাহী পরিষদ সিদ্ধান্তক্রমে অন্য কোনো আইনসম্মত উপায়ে তহবিল সংগ্রহ করিতে পারিবে:

(১) সদস্যদের চাঁদা ও অধিভুক্ত সংস্থাসমূহের চাঁদা।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং সশস্ত্রবাহিনী সদর দপ্তরের নিকট আবেদনের মাধ্যমে।

(৩) বিনিয়োগ ও সেবাখাত থেকে প্রাপ্ত আয়।

(৪) খেলাধুলা, প্রতিযোগিতা, প্রদর্শনী, নৃত্য, উৎসব এবং অন্যান্য সৃজনশীল সামাজিকভাবে অনুমোদিত বিনোদনের মাধ্যমে।

(৫) বই, ম্যাগাজিন, জার্নাল, সাময়িকী, সংবাদপত্র প্রকাশনা ও উহার বিক্রয়লব্ধ অর্থ হইতে।

(৬) অনুদান/উপহার।

(৭) বৈদেশিক সাহায্য ও অনুদান গ্রহণের মাধ্যমে।

**খ**। **<u>তহবিল ব্যবস্থাপনা:</u>** রাওয়ার সকল তহবিল ও সম্পত্তি রাওয়ার কার্যাবলী পরিচালনার জন্য নির্বাহী পরিষদের কাছে ট্রাস্ট হিসেবে ন্যস্ত থাকিবে।

**গ**। **<u>তহবিল বৃদ্ধি:</u>** রাওয়ার তহবিল বৃদ্ধির নিমিত্ত তহবিল সংগ্রহ, ব্যবস্থাপনা ও ব্যয় কিংবা কোনো অনুষ্ঠান, সামাজিক বিনোদন, প্রতীক বিক্রি করা, কিংবা সব রকম চাঁদা অনুদান ও উপহার নেওয়ার জন্য বৈধ ব্যবস্থা গ্রহণ করিবে।

**ঘ**। **<u>হিসাব</u> :**

(১) রাওয়ার তহবিল নির্বাহী পরিষদের অনুমোদিত তফশিলি ব্যাংকে রাওয়ার নামে সঞ্চয়ী/চলতি হিসাবে জমা থাকিবে।

(২) এসব হিসাব চেয়ারম্যান, সেক্রেটারি জেনারেল এবং ট্রেজারার এই তিন জনের মধ্যে যে-কোনো দুইজনের যৌথ স্বাক্ষরে পরিচালনা করা হইবে।

(৩) রাওয়ার তহবিলে একসঙ্গে নগদ ২,০০,০০০.০০ (দুই লক্ষ মাত্র) টাকার বেশি রাখা যাইবে না। এই ক্ষেত্রে যাবতীয় খরচ যথাযথভাবে সমন্বয় করিতে হইবে।

(৪) **<u>মঞ্জুরি ক্ষমতা:</u>** রাওয়ার পক্ষে তহবিলসমূহ হইতে ব্যয়ের মঞ্জুরি ক্ষমতা নিম্নরূপ হইবে:

(ক) সাধারণ পরিষদ - উর্ধ্বসীমা নাই ।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
২৬
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

(খ) নির্বাহী পরিষদ -২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ মাত্র) টাকা এবং অনুমোদিত বাজেটের আওতায় যে-কোনো পরিমাণ।

(গ) চেয়ারম্যান জরুরি প্রয়োজনে ৫,০০,০০০.০০/- (পাঁচ লক্ষ মাত্র) টাকা ব্যয় করিতে পারিবেন।

(ঘ) জরুরি প্রয়োজনে সিনিয়র ভাইস চেয়ারম্যান, সেক্রেটারি জেনারেল ও ট্রেজারার এর মধ্যে যে-কোনো ২ জন যৌথভাবে- ২০০,০০০.০০/- (দুই লক্ষ মাত্র) টাকা ব্যয় করিতে পারিবেন।

(৫) নির্বাহী পরিষদ বিস্তারিত ব্যয়ের পদ্ধতি নির্ধারণ করিবেন।

(৬) বার্ষিক বাজেটের অন্তর্ভুক্ত অনির্ধারিত বিবিধখাতে সর্বমোট বার্ষিক ব্যয় ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ মাত্র) টাকার অধিক হইবে না।

ঙ। **ব্যয় নির্ধারণ পদ্ধতি:** সাধারণ পরিষদের অনুমোদন ব্যতিরেকে রাওয়ার তহবিল নিম্নলিখিত খাত ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে ব্যয় করা যাইবে না:

(১) কর্মচারীদের বেতন, ভাতা অথবা হিসাব নিরীক্ষাসহ প্রশাসনিক কাজের জন্য ব্যয়।

(২) রাওয়া কোনো মামলার বাদী বা বিবাদী হওয়ার কারণে রাওয়ার অথবা রাওয়ার কোনো সদস্য রাওয়ার অধিকার রক্ষার সাথে সংশ্লিষ্ট দাপ্তরিক কাজের জন্য বিবাদী/বাদী হওয়ার কারণে মামলা পরিচালনার প্রয়োজন হইলে।

(৩) রাওয়া অফিস, ক্লাব ও লাইব্রেরিতে সংবাদপত্র, সাময়িকী এবং ম্যাগাজিন রাখার জন্য।

(৪) রাওয়ার কোনো সাব-কমিটি বা সদস্য রাওয়ার কোনো দাপ্তরিক কাজের জন্য কোনো ব্যয় করিলে তাহা পরিশোধের জন্য।

(৫) গঠনতন্ত্রে উল্লিখিত রাওয়ার কোনো বা সকল লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য ব্যয় করিলে।

চ। **অডিট:**

(১) রাওয়ার সকল হিসাব/নিকাশ সরকার কর্তৃক অনুমোদিত যে-কোনো হিসাব রাওয়া (অডিট ফার্ম) দ্বারা হিসাব নিরীক্ষা করা হইবে। এই ধরনের হিসাব নিরীক্ষা বার্ষিক ভিত্তিতে হইবে। নিরীক্ষা শেষে প্রতিবেদন নিবন্ধীকরণ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিতে হইবে।

Chairman RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
২৭ ... ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

(২) তিন থেকে পাঁচজন সদস্য সম্বলিত অভ্যন্তরীণ অডিট এবং নিরীক্ষা কমিটি বা IAOC (Internal Audit & Oversight Committee) প্রতি এক বছরের জন্য সাধারণ পরিষদ দ্বারা গঠিত হইবে।

(৩) IAOC ত্রৈমাসিক ভিত্তিতে অডিট সম্পন্ন করিয়া নির্বাহী পরিষদের নিকট উপস্থাপন করিবে এবং উহার ০১ কপি রাওয়ার বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য মনোনীত অডিট ফার্মকে প্রদান করিবে।

**ধারা-১৪ : বৈদেশিক সাহায্য/অনুদান বিষয়ক :**

**ক**। বৈদেশিক সাহায্য/অনুদান গ্রহণের ক্ষেত্রে দেশের প্রচলিত যথাযথ বিধি-বিধান অনুসরণ করা হইবে। বৈদেশিক সাহায্য/অনুদান গ্রহণের ক্ষেত্রে সংস্থাটি সরকারের যে-কোনো সিডিউল ব্যাংকে হিসাব পরিচালনা করিবে।

**খ**। **প্রাক্তন সামরিক কর্মচারী এবং সমর অভিজ্ঞ সৈনিকদের আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সম্পর্ক:** রাওয়া নির্বাহী পরিষদ সিদ্ধান্তক্রমে ওয়ার্ল্ড ভেটেরান ফেডারেশন (World Veterans Federation), ব্রিটিশ কমনওয়েলথ প্রাক্তন সামরিক কর্মচারী সমিতি (British Commonwealth Ex-Services Association) এবং এরূপ অন্যান্য আন্তর্জাতিক প্রাক্তন সৈনিক সংস্থার সাথে সম্পর্কযুক্ত হইতে পারে। নির্বাহী পরিষদ এই সকল সংস্থার সাথে রাওয়ার সদস্যপদ যে-কোনো সময়ে ছিন্ন করিতে পারিবে।

**গ**। **অন্যান্য সংস্থার প্রতিনিধিত্ব:** কোনো সদস্য কোনো পাবলিক সংস্থা বা রাওয়ার সাথে সম্পর্ক আছে এমন কোন জাতীয় বা আন্তর্জাতিক রাওয়ার পক্ষে প্রতিনিধিত্ব করার জন্য মনোনীত হইলে তিনি নির্বাহী পরিষদকে সন্তুষ্টি বিধান করিয়া এরূপ দায়িত্ব পালন করিবেন। রাওয়ার এরূপ প্রতিনিধি নির্বাহী পরিষদ এবং চেয়ারম্যানের পরামর্শ অনুসরণ করিবেন।

**ঘ**। **অধিভুক্ত সংস্থাসমূহ:** প্রতিটি অধিভুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা স্ব স্ব ব্যবস্থাপনায় তাহাদের তহবিল এবং কার্যক্রম পরিচালনা করিবে। অন্যথায়, তাহা অধিভুক্তির শর্তাবলি অনুসারে পরিচালিত হইবে। অধিভুক্ত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা যদি কোনো রাজনৈতিক দল বা গ্রুপে যোগদান করে তবে তাহাদের অধিভুক্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

**ধারা-১৫ : গঠনতন্ত্রের সংশোধন:** রাওয়ার আইন, ধারা ও উপ-ধারাসমূহ কেবল এতদুদ্দেশ্যে আহুত রাওয়ার বিশেষ সাধারণ সভায় উপস্থিত ৭৫ শতাংশ সদস্যের ভোটে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পরিবর্তন, সংশোধন ও পরিবর্ধন করা যাইবে :

ক। ভোট প্রদানের যোগ্য সকল সদস্যের কাছে সভা অনুষ্ঠানের কমপক্ষে ২১ দিন পূর্বে নির্বাহী পরিষদ মতামতসহ এই ধরনের পরিবর্তন, সংশোধন, বিয়োজন ও পরিবর্ধনের নোটিশ পাঠাইতে হইবে।

খ। ভোট প্রদানের যোগ্য ১০০ জন সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হইবে।

অনুমোদিত
২৮-নভেম্বর ৫/১১/২৪
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

পরিক্ষীত

Chairman
RAOWA

Secretary General
RAOWA

## ধারা-১৬ : আইন ও বিধির প্রাধান্য:

ক।  স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (নিবন্ধক ও নিয়ন্ত্রণ) অর্ডিন্যান্স ১৯৬১ এর সংশ্লিষ্ট ধারা এই সংস্থার জন্য প্রযোজ্য হইবে।

খ।  রাওয়ার ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত পরিচালনা পরিষদ তথা নির্বাহী পরিষদ একটি তালিকা প্রতিবছর স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার রেজিস্ট্রারের নিকট জমা দিতে হইবে।

গ।  গঠনতন্ত্র অনুমোদনের জন্য অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় অনুমোদিত রাওয়ার লক্ষ্য, উদ্দেশ্য এবং আইন-কানুন সম্বলিত ধারাসমূহ অবিলম্বে কার্যকর হইবে। তবে কার্যনির্বাহী পরিষদ: ২০২৩-২০২৪ পরবর্তী নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ এর নিকট দায়িত্ব হস্তান্তর করা পর্যন্ত দায়িত্ব পালন করিবেন।

## ধারা-১৭ : রাওয়ার কার্যক্রম বিলুপ্ত/রহিত হইলে পরিসম্পৎ হস্তান্তর প্রসঙ্গে:

ক।  রাওয়ার কার্যক্রম বিলুপ্ত/রহিত করার উদ্দেশ্যে আহুত বিশেষ সাধারণ সভায় উপস্থিত তিন-পঞ্চমাংশ সদস্যের ভোটে রাওয়া বিলুপ্ত/রহিত করা যাইবে। তবে এ জন্য সদস্যদের ২ মাসের নোটিশ দিতে হইবে। বিষয়টি স্মরণ করাইয়া দিবার জন্য সভার ১৫ দিন পূর্বে আরও একটি তাগিদপত্র সদস্যদের দিতে হইবে।

খ।  রাওয়া বিলুপ্ত/রহিত হওয়ার পর রাওয়ার পরিসম্পৎসমূহ সব আইনগত দেনা পরিশোধের পর ভঙ্গকারী কর্তৃপক্ষের নির্দেশক্রমে ব্যয় করা যাইবে। অন্যথায় উক্ত পরিসম্পৎসমূহ রাওয়ার উদ্দেশ্য পূরণের লক্ষ্যে নির্বাহী কমিটি অথবা স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ সংস্থা (নিবন্ধক ও নিয়ন্ত্রণ) রুল ১৯৬১ এর ১২ ধারা অনুযায়ী রাওয়া কর্তৃক নিয়োগকৃত লিকুইডেটর কর্তৃক ব্যয় করা যাইবে।

Chairman
RAOWA

পরীক্ষীত

অনুমোদিত
২৯ নভে ৫/১১/২৪
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

## পরিশিষ্ট: ১

## গঠনতন্ত্রে ব্যবহৃত শব্দের ব্যাখ্যা

১। **সংজ্ঞা :** এইসব আইন কানুনের মধ্যে, যদি না বর্ণনা প্রসঙ্গে অন্যরূপ প্রয়োজন হয়। স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (নিবন্ধক ও নিয়ন্ত্রণ) অর্ডিন্যান্স ১৯৬১ তে যে ব্যাখ্যা দেওয়া আছে বা পরবর্তীকালে জারি করা সংবিধিবদ্ধ সংশোধিত ব্যাখ্যা অনুযায়ী যে অর্থ করা হইবে তাহাতে যে শব্দে একবচন বুঝাইতেছে তাহা বহুবচনে এবং যে শব্দে বহুবচন বুঝাইতেছে তাহা একবচনে অর্থ করা যাইবে। বিষয়বস্তুতে কোনো বিরোধিতা না থাকিলে ব্যক্তিগণ অর্থে ব্যবহৃত শব্দ বলিতে করপোরেট সংস্থা বুঝাইবে।

২। **"লক্ষ্য ও উদ্দেশ্য"** বলিতে গঠনতন্ত্র বা মেমোরেন্ডাম এবং আর্টিকেল্স অব অ্যাসোসিয়েশন এ বর্ণিত রাওয়া বা সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ বুঝাইবে।

৩। **"অধিভুক্ত সংস্থা"** বলিতে প্রাক্তন চাকুরিজীবী কিংবা সশস্ত্র বাহিনী/সিভিল সার্ভিসের অবসরপ্রাপ্ত অফিসারদের সংস্থা, সমিতি বা সংগঠনকে বুঝাইবে যাহা রুলস অব অ্যাসোসিয়েশন আওতায় অধিভুক্ত হইয়াছে।

৪। **"সংস্থা"** বলিতে বাংলাদেশ রিটায়ার্ড আর্মড ফোর্সেস অফিসারর্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন বুঝাইবে যাহার সংক্ষিপ্ত নাম "রাওয়া"।

৫। **"ব্যাজ"** বলিতে সংস্থার ব্যাজ বুঝাইবে।

৬। **"উপধারা"** বলিতে সংস্থার গঠনতন্ত্রের উপধারাসমূহকে বুঝাইবে।

৭। **"কার্ড"** বলিতে সংস্থার সদস্যপদ কার্ড বুঝাইবে।

৮। **"কমিটি এবং উপকমিটি"** বলিতে সংস্থার নির্বাহী কমিটি কিংবা সাধারণ পরিষদ কর্তৃক গঠিত কমিটি এবং উপ-কমিটিকে বুঝাইবে।

৯। **"গঠনতন্ত্র"** বলিতে সংস্থার গঠনতন্ত্রকে বুঝাইবে।

১০। **"নির্ভরশীল"** বলিতে পিতা, মাতা, নির্ভরশীল ভাই, অবিবাহিত বোন, স্ত্রী এবং নির্ভরশীল ছেলে মেয়ে (দত্তক সন্তানসহ) বুঝাইবে।

১১। **"নিবার্হী পরিষদ"** সাধারণ পরিষদ কর্তৃক যথাযথভাবে নির্বাচিত সংস্থার পরিচালনা পরিষদকে বুঝাইবে ।

১২। **"প্রাক্তন চাকুরিজীবী"** বলিতে ব্রিটিশ ভারত, পাকিস্তান এবং বাংলাদেশ সশস্ত্রবাহিনীতে যাহারা চাকুরি করিয়াছেন এবং অবসরগ্রহণ করিয়াছেন তাহাদেরকে বুঝাইবে।

১৩। **"হিসাব বর্ষ"** বলিতে রাওয়ার সরকারি হিসাব বছর ০১ অক্টোবর হইতে ৩০ সেপ্টেম্বর বুঝাইবে।

১৪। **"পতাকা"** বলিতে সংস্থার পতাকা বুঝাইবে।

১৫। **"ফর্ম"** বলিতে সংস্থার আইন অনুযায়ী নির্ধারিত সদস্যপদ ফর্ম মনোনয়নপত্র এবং/অথবা অন্যান্য ফর্ম বুঝাইবে।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

১৬। **"সাধারণ পরিষদ"** বলিতে সংস্থার প্রতিষ্ঠাকালিন এবং আজীবন সদস্যদের বুঝাইবে যাহারা রাওয়া/সংস্থার সাধারণ সভায় উপস্থিত থাকার এবং ভোট প্রদানের অধিকার রাখেন।

১৭। **"কেন্দ্রীয় অফিস"** বলিতে সংস্থার নিবন্ধনকৃত সদর দপ্তরকে বুঝাইবে।

১৮। **"সভা"** বলিতে সংস্থার বার্ষিক সাধারণ সভা এবং নির্বাহী কমিটি কিংবা অন্য কমিটি বা উপ-কমিটির সভা বুঝাইবে।

১৯। **"সদস্য"** বলিতে প্রতিষ্ঠাকালীন সদস্য (ফাউন্ডার মেম্বার), আজীবন সদস্য (লাইফ মেম্বার), বিশেষ এবং অনরারি সদস্যদের বুঝাইবে।

২০। **"নির্দিষ্ট"** বলিতে সংস্থার আইনে যেরূপ বলা হইয়াছে তাহা বুঝাইবে।

২১। **"মাস"** বলিতে ইংরেজি ক্যালেন্ডার মাস বুঝাইবে।

২২। **"রেজিস্টার"** বলিতে সংস্থা কর্তৃক ব্যবহৃত এবং সংরক্ষিত সদস্যদের রেজিস্টার, সাধারণ সীলমোহরের রেজিস্টার এবং অন্যান্য রেজিস্টারকে বুঝাইবে।

২৩। **"আইন"** বলিতে সংস্থার গঠনতন্ত্রের ধারা/উপধারাসমূহ বুঝাইবে।

২৪। **"সীলমোহর"** বলিতে সংস্থার দাপ্তরিক সাধারণ সীলমোহর বুঝাইবে।

২৫। **"বর্ষ"** বলিতে ইংরেজি ক্যালেন্ডার বর্ষ বুঝাইবে।

২৬। **"কর্মচারী"** বলিতে সংস্থার বেতনভোগী কর্মচারীদের বুঝাইবে।

২৭। **"নির্বাচন"** বলিতে সংস্থার নির্বাহী কমিটির সদস্যদের (Executive Committee Members) নির্বাচনকে বুঝাইবে।

২৮। **"অফিসার"** বলিতে সকল প্রকার কমিশন্ড অফিসার (অনারারি কমিশন ব্যাতিরেকে) বুঝাইবে।

২৯। **"প্রধান পৃষ্ঠপোষক"** বলিতে বিদ্যমান সেনাবাহিনী প্রধানকে বুঝাইবে।

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
৩১ ... ৫/১১/২৪
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

## পরিশিষ্ট : ২

## পটভূমি তথা প্রথম সভার ঘোষণা এবং প্রতিষ্ঠাকালীন সদস্যগণ (ফাউন্ডার মেম্বার)

**ভূমিকা :**

১। সশস্ত্রবাহিনীর অফিসারগণ তাঁহাদের চাকুরিকালে সর্বজনীন আদর্শ এবং অভিন্ন আশা আকাঙ্ক্ষার বন্ধনে আবদ্ধ থাকেন। সম্মিলিত লক্ষ্য অর্জন, একত্রে বসবাস এবং পরিচিত পরিবেশ গড়িয়া তোলার উদ্দেশ্যে এই বন্ধন আরো সুদৃঢ় হয়। চাকুরি পরবর্তী একজন অবসরপ্রাপ্ত অফিসার একটি ভিন্নজগতে প্রবেশ করেন, যেখানে জীবনাচরণ ভিন্ন রকমের। কেউ কেউ বেসামরিক জীবনে সুপ্রতিষ্ঠিত হওয়ার সুযোগ লাভ করেন, আবার অনেক কম ভাগ্যবানরা অব্যাহত পারিবারিক, সামাজিক এবং অর্থনৈতিক সমস্যাদি কাটাইয়া উঠার অবিরাম সংগ্রামের মধ্যে জীবন অতিবাহিত করেন। তাঁহারা বাঁচিয়া থাকার সমস্যা এবং অবসরজীবনে উপযুক্ত পুনর্বাসনের সমস্যায় জর্জরিত এবং হতাশা ও নৈরাজ্যের মধ্যে ডুবিয়া থাকেন।

২। কাজেই অভিন্ন স্বার্থে একটি সাধারণ প্লাটফর্ম তৈরি, পারস্পরিক সমঝোতা, একে অপরের সঙ্গে যোগাযোগ, সমস্বরে কার্যকর আওয়াজ তোলা, একক ও সম্মিলিত সমস্যার সমাধান এবং সেই সাথে দেশ ও সমাজের প্রতি সেবাদানের উদ্দেশ্যে অবসরপ্রাপ্ত সশস্ত্রবাহিনীর সদস্যদের একটি সংগঠন গড়িয়া তোলার প্রয়োজন দীর্ঘদিন ধরিয়া অনুভূত হয়। এই ফোরাম হইতে তাহারা তাহাদের সর্বজনীন কল্যাণে কার্যকর ভূমিকা রাখিতে পারিবেন।

**ঘোষণা :**

৩। উপর্যুক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে কিছু সংখ্যক অবসরপ্রাপ্ত অফিসারগণ একত্রিত হইয়া “রাওয়া” প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নলিখিত ঘোষণা প্রদান করেন :

> “আমরা সশস্ত্রবাহিনীর কয়েকজন অবসরপ্রাপ্ত অফিসার যাহাদের নাম ও ঠিকানা নিম্নে প্রদত্ত হইল, স্বেচ্ছাসেবী সমাজকলাণ সংস্থা (নিবন্ধক ও নিয়ন্ত্রণ) অর্ডিন্যান্স ১৯৬১ অনুযায়ী একটি সংস্থা গঠনে আগ্রহী যাহার মেমোরেন্ডাম এবং আর্টিক্যালস্ অব অ্যাসোসিয়েশন এতদ্সঙ্গে প্রদত্ত হইলো। আমরা নিম্নবর্ণিত সদস্যগণ রাওয়াকে আইন অনুযায়ী নিবন্ধনের অনুরোধ জানাইতেছি :

| ক্রমিক নং | নাম ও পদবি | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | লে. জেনারেল খাজা ওয়াসিউদ্দিন, এইচকিউএ, এসপিকে, আইডিসি, পিএসসি | “আল-ওয়াহেদা” ৭-এ, পরিবাগ, ঢাকা-২ | |
| ২। | কর্নেল এস এম রেজা, পিএসসি | ৩/১, ইশদাইর, নারায়ণগঞ্জ, ঢাকা। | |
| ৩। | লে. কর্নেল কিউএএফএমএ রাকিব | “ কাজী মঞ্জিল”, যশোর টাউন, যশোর। | |
| ৪। | লে. কর্নেল হিসামউদ্দিন, আহমেদ, পিএসসি | গ্রাম: চাদঁগাও, পো. চাদঁগাও, চট্টগ্রাম। | |
| ৫। | মেজর একেএম ফজলুল বারী, পিএসসি, পিএসএন, জি | এফএস কর্নার, মালতিনগর, বগুড়া। | |

Chairman RAOWA

অনুমোদিত

৩২ ৫/১১/২৪

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

| ক্রমিক নং | নাম ও পদবি | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৬। | মেজর কাজী শরিফ, উদ্দিন আহমেদ, পিএসসি, টিই | ৪১, ইন্দিরা রোড, তেজগাঁও, ঢাকা। | |
| ৭। | ক্যাপ্টেন এম এ হাকিম | 'স্মরণিকা' ১৩৭-তুতপাড়া, প্রধান সড়র, খুলনা। | |
| ৮। | মেজর আনোয়ারুল হক | গ্রাম: মহেশওয়ার্দী, পো. ভাঙ্গা, ফরিদপুর | |
| ৯। | ব্রিগেডিয়ার জেনারেল এ রউফ | গ্রাম: সিওটা, পো. ও থানা: মানিকগঞ্জ | |
| ১০। | লে. কর্নেল মোহাম্মদ ফজলুর রব | মাগুরা কলেজ পাড়া, পো. ও থানা: মাগুরা, জেলা: যশোর | |
| ১১। | মেজর এ মালেক | ৩১/এ, বনানী, রোড-১৮, ঢাকা-১৩। | |
| ১২। | লে. কর্নেল এইচ এম বাহার | প্রযত্নে: লে. কর্নেল শামসুল হক (অব.), নং-৩ ডিওএইসএস, ঢাকা ক্যান্ট. | |
| ১৩। | লে. কর্নেল রেজাউল জলিল | জলিল হাউজ ১২ এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-২ । | |
| ১৪। | মেজর সৈয়দ আশফাক আহমেদ | ৩৫ আগামাসী লেন, ঢাকা-২ । | |
| ১৫। | ক্যাপ্টেন জামিলুর রহমান খান | গ্রাম: কুতুবপুর, পো. মুক্তাগাছা, ময়মনসিংহ। | |
| ১৬। | ক্যাপ্টেন মোহাম্মদ হাফিজুল্লাহ্ | ৪৫, বেগম বাজার, ঢাকা-১১ । | |
| ১৭। | লে. কর্নেল মোহাম্মদ মাহমুদুর রহমান | বাড়ি/প্লট নং ৩০, রোড নং ১৪ এ ধানমন্ডি আ/এ, ঢাকা । | |
| ১৮। | লে.কর্নেল মোহাম্মদ ইকবাল | ৪২ ডিওএইচএস, ঢাকা ক্যান্ট। | |
| ১৯। | মেজর কাজি আশফাক আহমেদ | ১৩ (২৩ পুরাতন) ধানমন্ডি আ/এ, রোড নং ৫, ঢাকা। | |
| ২০। | মেজর অনুকুল চন্দ্র দেব | ৩০ ডিওএইচএস, ঢাকা ক্যান্ট। | |
| ২১। | মেজর মো. আনোয়ার হোসেন | গ্রাম: ও পো. জোড়াদাহ, থানা: হরিনাকুন্ড, জেলা: যশোর। | |
| ২২। | মেজর আলতাফুর রহমান | মহলহাট, রংপুর। | |
| ২৩। | মেজর আলাউদ্দিন আহমেদ | "চৌধুরী-বাড়ী" ৩০/৫ জিন্দাবাজার ১ম লেন, ঢাকা-১। | |
| ২৪। | ক্যাপ্টেন মো. নুরুল আমিন | ২৯০/৪-এ, খিলগাঁও, ঢাকা-১। | |
| ২৫। | ব্রিগেডিয়ার জেনারেল এম আতিক-উর-রহমান, পিএসসি | ১৮, ডিওএইচএস, (প্রথমা) ঢাকা ক্যান্ট। | |
| ২৬। | লে. কর্নেল এ এস হেলাল উদ্দিন, পিএসসি | ৮ শ্যামলী, ঢাকা-৭। | |
| ২৭। | মেজর মোহাম্মদ মোসলেম উদ্দিন | গ্রাম: বোয়ালিয়া, চকচুবলিয়া, পো. বোয়ালিয়া বাজার, থানা: উল্লাপাড়া, জেলা: পাবনা। | |
| ২৮। | মেজর কে এ জাহাঙ্গীর খান | ৭, খাজা দেওয়ান প্রথম লে, ঢাকা। | |
| ২৯। | ক্যাপ্টেন ভূঁইয়া ফজলুর রহমান | ৯০ কুমিল্লা রোড, পো. চাঁদপুর, কুমিল্লা। | |
| ৩০। | মেজর কাজি শাহ্রিয়ার হাফিজ | গ্রামঃ ধামারান, পো. রহিমগঞ্জ বাজার, থানা: টঙ্গী বাজার, ঢাকা। | |

Chairman RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
৩৩ ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General RAOWA

| ক্রমিক নং | নাম ও পদবি | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩১। | মেজর এম জামান | নং ১০ ক্যান্ট মার্কেট এলাকা (৫ম তলা), ঢাকা। | |
| ৩২। | মেজর সৈয়দ আবদুল মান্নান | পো. মিরপুর, থানাঃ বানছারামপুর, কুমিল্লা। | |
| ৩৩। | মেজর খালেকুজ্জামান চৌধুরী, পিএসসি | হাসপাতাল রোড, গাইবান্ধা, রংপুর। | |
| ৩৪। | ক্যাপ্টেন কাজী খুরশিদ-উজ্-জামান উৎপল | ৬১/১, সবুজবাগ, ঢাকা-১৪ | |
| ৩৫। | মেজর আবদুস সাত্তার | গ্রাম ও পো. জাহাঙ্গীরপুর, থানাঃ মদন (নেত্রকোনা), ময়মনসিংহ। | |
| ৩৬। | মেজর রফিকুল ইসলাম বিইউ | মিরপাড়া, নাটোর, রাজশাহী। | |
| ৩৭। | ক্যাপ্টেন এবিএম নওশের আলম | গ্রাম ও পো. কামারগ্রাম, থানাঃ আলফাডাঙ্গা, ফরিদপুর। | |
| ৩৮। | মেজর এম মাসুদ | ৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা-১৫। | |
| ৩৯। | মেজর জুলফিকার হোসেন চৌধুরী | গ্রাম ও পো. রতনদিয়া, থানাঃ পাংশা, ফরিদপুর। | |
| ৪০। | লে. এস এম সফিকুল হায়দার | আজিজ ভিলা, আকুয়া (মধ্যপাড়া) পো. ময়মনসিংহ, ময়মনসিংহ। | |
| ৪১। | মেজর এস এ হাকিম | ৩/১৪, ইকবাল রোড, মুহাম্মদপুর, ঢাকা। | |
| ৪২। | ক্যাপ্টেন এস এম নাসিরুল হক | ৪৫, ইন্দিরা রোট, তেজগাঁও, ঢাকা। | |
| ৪৩। | মেজর এবিএম মোমিনুল হক | ৩৫ নর্থ ধানমন্ডি, কলাবাগান, ঢাকা। | |
| ৪৪। | মেজর এম এ মালেক চৌধুরী | এইচ-৮৫/১ আন্তর্জাতিক এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা। | |
| ৪৫। | ক্যাপ্টেন এম এন সাফা | গ্রামঃ হাইছকিয়া, থানাঃ ফটিক ছড়ি, চট্টগ্রাম। | |
| ৪৬। | ক্যাপ্টেন আনিছুর রহমান সিন্হা | ১১৪ সিরাজদৌল্লা রোড, নারায়ণগঞ্জ ঢাকা। | |
| ৪৭। | লে. কর্নেল ফয়েজ বাহার, পিএসসি | দক্ষিণ গুপ্তা পাড়া, রংপুর। | |
| ৪৮। | মেজর এম সিরাজুল ইসলাম | ১০৩, নিউ ডিওএইচএস, মহাখালী আ/এ, ঢাকা-১২। | |
| ৪৯। | লে. কর্নেল জাহিদুল হক চৌধুরী | "চৌধুরী লজ" মুন্সীপাড়া, পো. রংপুর, রংপুর। | |
| ৫০। | মেজর জেনারেল এম খলিলুর রহমান, পিএসসি | ৬০ এ রোড নং ৭এ, ধানমন্ডি, ঢাকা। | |
| ৫১। | মেজর রফিকুল ইসলাম | প্রযত্নেঃ জনাব আশরাফ জল্লাহ, বিইএস বাগিচাগাঁও, কুমিল্লা। | |
| ৫২। | মেজর এনামুল হক চৌধুরী | বাড়ি নং ২৬, রোড নং ৩৪, গুলশান ঢাকা। | |
| ৫৩। | লে. মোহাম্মদ রুহুল আমিন | রোড -১৩৬, বাড়ি-৩১, গুলশান, ঢাকা-১২ | |
| ৫৪। | লে. কর্নেল মাহ্তাবুদ্দিন আহমেদ | ৬ (পুরাতন-৫) ধানমন্ডি আ/এ, রোড নং ৪, ঢাকা-৫। | |

Chairman
RAOWA

পরীক্ষিত

অনুমোদিত
৩৪ নং ৫/১১/২৪
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA

| ক্রমিক নং | নাম ও পদবি | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৫৫। | ক্যাপ্টেন আখতার জাহান মাসুদ | ২১/১৩, বাবর রোড, ব্লক-বি, মোহাম্মদপুর, ঢাকা-১৭। | |
| ৫৬। | কর্নেল এ মালেক, পিএসসি | গ্রাম ও পো. গরপাড়া, মানিকগঞ্জ, ঢাকা। | |
| ৫৭। | লে. কর্নেল এম হাসমত উল্লাহ খাঁন | ৮/২০ স্যার সৈয়দ আহমেদ রোড, মোহাম্মদপুর ঢাকা। | |
| ৫৮। | মেজর মেহেদী আলী ইমাম, বীর বিক্রম | গ্রামঃ দাউদখালী, থানাঃ মটবাড়ীয়া, বরিশাল। | |
| ৫৯। | মেজর আলী আখতার | 'কাকলী' শহীদ সরওয়ার্দী রোড, ঠাকুরগাঁও, দিনাজপুর। | |
| ৬০। | লে. মো. খালিদ হোসেন | ১, সুজাকত ঘর লেন, কবি নজরুল ইসলাম রোড, ফিরিঙ্গি বাজার, চট্টগ্রাম | |
| ৬১। | মেজর জেনারেল মোহাম্মদ ওয়াজী উল্লাহ্, পিএসসি | সিডব্লিউএস (সি)-১, রোড ২৩, গুলশান, ঢাকা। | |
| ৬২। | লে. বখতিয়ার আহমেদ খাঁন | গ্রামঃ মাধাইমুরী, পো. শাহগোলা, থানাঃ আসনগঞ্জ, রাজশাহী। | |
| ৬৩। | ক্যাপ্টেন কাজী এজেডএম সফিকুল হক | গ্রামঃ বেত্রাইল, পো. চাকটল, টাঙ্গাইল। | |
| ৬৪। | লে. কর্নেল মোহাম্মদ আব্দুল গাফ্ফার হায়দার, বিইউ | এম/এস নাহার এজেন্সি, ৩১, পুরাতন বাজার রোড, (কালীবাড়ি) খুলনা। | |
| ৬৫। | মেজর খন্দকার বদরুল হাসান | গ্রাম ও পো. লোহালিয়া, থানাঃ পটুয়াখালী, পটুয়াখালী। | |
| ৬৬। | ব্রিগেডিয়ার জেনারেল ফিরোজ সালাহ্ উদ্দিন | ৬/১, অরফানেজ রোড, ঢাকা-১১। | |
| ৬৭। | মেজর আহমেদ ইফতেখার | ২৬ ধানমন্ডি আ/এ, রোড-৫, ঢাকা। | |
| ৬৮। | মেজর আজিজুর রহমান চৌধুরী | ৮৪১, ধানমন্ডি আ/এ, (পুরাতন), রোড নং ১৯ (পুরাতন), ঢাকা-৯। | |

Chairman
RAOWA

পরিক্ষীত

অনুমোদিত
৩৫ ৫/১১/২৪
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

Secretary General
RAOWA